



বিকশিত ভারত, বিকশিত পশ্চিমবঙ্গ মোদী সরকারের গ্যারান্টি



রেলওয়ে বৈদ্যুতিকরণ, দ্বৈতকরণ ও ৪-লেনযুক্ত রাষ্ট্রীয় সড়কের ৪,৫০০ কোটি টাকারও অধিক মূল্যের প্রকল্পের উপহার

রাষ্ট্রের প্রতি উৎসর্গীকরণ

- নিউ জলপাইগুড়িতে ইলেক্ট্রনিক ইন্টারলকিং সহ আমবাড়ী ফালাকাটা - আলুয়াবাড়ী শাখায় স্বয়ংক্রিয় ব্লক সিগন্যালিং ব্যবস্থা
- বারসেই - রাধিকাপুর শাখার বৈদ্যুতিকরণ
- একলাখী - বালুরঘাট শাখার বৈদ্যুতিকরণ
- রাণীনগর জলপাইগুড়ী-হলদিবাড়ী শাখার বৈদ্যুতিকরণ
- শিলিগুড়ি - আলুয়াবাড়ী (ভায়া বাগডোগরা) শাখার বৈদ্যুতিকরণ
- শিলিগুড়ি - সেবক - আলিপুরদুয়ার জংশন - শামুকতলা শাখার বৈদ্যুতিকরণ
- মণিগ্রাম - নিমতিতা দ্বৈতকরণ প্রকল্প

উদ্বোধন

- জাতীয় সড়ক ২৭ এর ঘোসপুকুর - ধূপগুড়ী শাখার ৪ লেন
- জাতীয় সড়ক ২৭ এর ৪ লেনযুক্ত ইসলামপুর বাইপাস নির্মাণ

শুভারম্ভ

- শিলিগুড়ি ও রাধিকাপুরের মধ্যে নতুন ডেমু ট্রেন পরিষেবা

প্রকল্পসমূহের লাভালাভ

- কার্বন নির্গমণ হ্রাস
- সবুজ পরিবহন মাধ্যমকে উৎসাহিতকরণ
- আর্থ-সামাজিক বিকাশকে ত্বরান্বিতকরণ
- শহরাঞ্চলে যানজট হ্রাস
- সড়ক পথের যানজট নিরসন
- তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লার রেক চলাচলের সুবিধা
- নগর পরিবহন পরিকাঠামোর উন্নয়ন
- জনগণের জন্য সুগম যাতায়াত এবং সুবিধাজনক জীবনযাত্রা
- শহরাঞ্চল ও শহরতলির যাত্রীদের ভ্রমণ সময় হ্রাস

নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী

দ্বারা

গৌরবময় উপস্থিতি

ডঃ সি. ভি. আনন্দ বোস

রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

মমতা ব্যানার্জি

মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ

অশ্বিনী বৈষ্ণব

কেন্দ্রীয় রেল, যোগাযোগ এবং
ইলেক্ট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী

নিতিন জয়রাম গড়করি

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী

তারিখ: ০৯ মার্চ, ২০২৪ | সময়ঃ বিকাল ০৩:৪৫ | স্থান: শিলিগুড়ি



এ অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখুন

নারী দিবসে বড় ঘোষণা প্রধানমন্ত্রীর, এলপিজি সিলিভারের দাম ১০০ টাকা কমানোর সিদ্ধান্ত

নয়াদিিল্লি, ৮ মার্চ : আন্তর্জাতিক নারী দিবসে বড় ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, নারী দিবসে, আমাদের সরকার এলপিজি সিলিভারের দাম ১০০ টাকা কমানোর সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী জানান, এই সিদ্ধান্তের ফলে সমগ্র দেশে লক্ষ লক্ষ পরিবারের আর্থিক বোঝা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে, বিশেষ করে আমাদের নারী শক্তিকে উপকৃত করবে।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আশা ব্যক্ত করেছেন, রান্নার গ্যাসকে আরও সাশ্রয়ী করার মাধ্যমে, আমরা সমস্ত পরিবারের মঙ্গল কামনা করছি, পাশাপাশি স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার লক্ষ্য রাখি। এটি নারীর ক্ষমতায়ন এবং তাঁদের জন্য ‘সহজ জীবনযাপন’ নিশ্চিত করার প্রতিশ্রুতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

নারী শক্তির ক্ষমতায়নই মোদী সরকারের অঙ্গীকার, শুভেচ্ছা জানিয়ে মন্তব্য অমিত শাহের

নয়াদিিল্লি, ৮ মার্চ : আন্তর্জাতিক নারী দিবসে নারী শক্তিকে কুর্শিশ জানানলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুক্রবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ জানিয়েছেন, আন্তর্জাতিক নারী দিবসের শুভেচ্ছা। এটি এমন একটি উপলক্ষ যা ব্যক্তিত্ব, সমাজ ও দেশ গঠনে নারীদের অবদানকে সম্মানিত করে এবং লিঙ্গ সমতার প্রতি আমাদের অঙ্গীকার জোরপাল করার কথা স্মরণ করিয়ে দেয়।প্রতি বছর ৮ মার্চ দিনটি পালন করা হয় আন্তর্জাতিক নারী দিবস হিসেবে। লিঙ্গবৈষম্য দূর করার জন্য এই দিনটি পালিত হয়। এদিন সকালে টুইট করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বুঝিয়ে দিয়েছেন, নারী শক্তির ক্ষমতায়নই নরেন্দ্র মোদী সরকারের অগ্রাধিকারী ও অঙ্গীকার।

পানীয় জল অপচয় করলে ৫০০০ টাকা জরিমানা কর্ণটিকে

বেঙ্গালুরু, ৮ মার্চ :গাড়ি ধোয়া, বাগান পরিচর্যা ও ফ্লোরায় আর পানীয় জল ব্যবহার করা যাবে না। জল অপচয় করলেই এবার দিতে হবে ৫ হাজার টাকা জরিমানা। শুক্রবার ঘোষণা করেছে কর্ণটিক সরকার। কর্ণটিক জল সরবরাহ দপ্তরের তরফে শুক্রবার এও জানানো হয়েছে যে, নির্মাণ কাজেও আর পানীয় জল ব্যবহার করা যাবে না।উল্লেখ্য, তীব্র জল সংকট শুরু হয়েছে বেঙ্গালুরুর আর আর নগরে। ওই এলাকায় জল নিতে পড়ছে লম্বা লাইনা। চাপা কল থেকে জল তোলা যাচ্ছে না। পাম্পেও উঠছে না জল। জলস্তর অনেকটাই নিচে নেমে গেছে বলেই মনে করা হচ্ছে। স্নান, কাপা। কাচার মত কাজের জন্য অনেকেই বাধ্য হয়ে বেশি দাম দিয়ে বোতলবন্দি জল কিনে আনছেন। পরিস্থিতি এতটাই ভয়াবহ যে এক বালতি জল বেঙ্গালুরুর বাসিন্দাদের কিনতে হচ্ছে ১ হাজার থেকে ২ টাকায়। তার প্রেক্ষিতেই পানীয় জল অপচয় করলে কর্ণটিক সরকার জরিমানার সিদ্ধান্ত নিয়েছে বলে মনে করা হচ্ছে।

ট্রাকের ধাক্কায় দুই বাইক আরোহীর মৃত্যু সোনারপুরে, রাস্তা অবরোধ করে বিক্ষোভ

সোনারপুর, ৮ মার্চ : দক্ষিণ ২৪ পর্বণার সোনারপুরে ট্রাকের ধাক্কায় প্রাণ হারালেন দুই মোটর বাইক আরোহী। শুক্রবার ভোরের এই দুর্ঘটনায় আহত হয়েছেন একজন। সোনারপুরের কালীতলা মোড় এলাকায় একটি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় একটি বাইকের। ঘটনাস্থলেই মৃত্যু হয় দুই বাইক আরোহী। গুরুতর আহত হন এক জন।পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, শুক্রবার ভোর সাড়ে ষ্টো নাগাদ বাইকেই সংঘার হয়ে কর্মস্থলের উদ্দেশ্যে যাচ্ছিলেন দুই যুবক- ভিকি এবং যোবাজন মজুমদার। তাদের সঙ্গে ছিলেন আরও এক জন। উল্টো দিক থেকে বেরগেয়া গতিতে ছুটে আসা একটি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় বাইকটার। হিটকে পড়েন ভিকি জনেই। ঘটনাস্থলেই মৃত্যু ভিকি এবং যোবাজনকে। আহত যুবককে চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে ভর্তি করানো হয়েছে। দুর্ঘটনার পরেই ঘাতক ট্রাকটি নিয়ে চম্পট দেয় চালক।এই দুর্ঘটনার পরই ট্রাকটিকে আটক এবং চালককে গ্রেফতারের

শিবরাত্রি উপলক্ষ্যে সেজে উঠেছে শৈবতীর্থ ও শিব মন্দির, দেশবাসীকে শুভেচ্ছা

নয়াদিিল্লি, ৮ মার্চ :দেশজুড়ে যথাযোগ্য ধর্মীয় মর্যাদায় পালিত হচ্ছে মহা শিবরাত্রি। শিবরাত্রির মহা তিথিতে পশ্চিমবঙ্গ তথা দেশের বিভিন্ন শৈব তীর্থে ও বিভিন্ন স্থানে শিব মন্দিরে পূজো দিচ্ছেন ভক্তরা। এদিন অনেকেই উপবাস করে ধর্মীয় রীতি মেনে শিবের মাথায় জল দিয়ে শিবের উপাসনা ও পূজো সম্পন্ন করবেন। শিবরাত্রি উপলক্ষ্যে শিব মন্দির গুলিকে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। মহা শিবরাত্রি উপলক্ষ্যে মধ্যপ্রদেশের উজ্জয়িনীর মহাকালেশ্বর মন্দিরে বিশেষ পূজার্চনা ও আরতি করা হয়। নাসিকের ত্রিশ্বেকেশ্বর মন্দিরে ভক্তদের ঢল নেমেছে। বারাণসীর কাশী বিশ্ণুনাথ মন্দিরে শুক্রবার সকাল থেকে ভক্তদের ভিড় বাড়তে থাকে, প্রয়াগরাজ ও হরিদ্বারে গঙ্গায় পূণ্যস্নান করে ভগবান শিবের আরাধনা করেন ভক্তরা। অযোধ্যার নাগেশ্বর নাথ মন্দিরেও সকাল থেকে পূজো দেন ভক্তরা।শিবরাত্রি উপলক্ষ্যে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সমস্ত দেশবাসীকে

টোকিও-তে শিনজোর স্ত্রীর সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের, সমবেদনা ব্যক্ত করলেন বিদেশমন্ত্রী



নয়াদিিল্লি ও টোকিও, ৮ মার্চ : জাপানের রাজধানী টোকিও-তে সে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী তথা প্রয়াত শিনজো আবের স্ত্রীর সঙ্গে সাক্ষা করলেন ভারতের বিদেশমন্ত্রী ঙঃ এস জয়শঙ্কর। শিনজো আবের প্রয়াণে শোক প্রকাশ করেছেন জয়শঙ্কর, সমবেদনা ব্যক্ত করেছেন তিনি। পাশাপাশি শিনজোর মা মিসেস ইয়োকো আবের-কে লেখা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটি চিঠি ভুলে দিয়েছেন জয়শঙ্কর, ওই চিঠিতে শিনজোর প্রয়াণে গভীর সমবেদনা ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী

পারদের ওঠানামার মধ্যেই মনোরম পরিবেশ, স্বস্তিদায়ক আবহাওয়া দক্ষিণ ও উত্তরবঙ্গে



কলকাতা, ৮ মার্চ : কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপমাত্রার পারদের ওঠানামা লেগেই রয়েছে, একই অবস্থা উত্তরবঙ্গেও। কোনও দিন বাড়ছে, আবার কোনও খানিকটা কমছে। পারদের ওঠানামার মধ্যেও মনোরম পরিবেশ রয়েছে তিলোত্তমায়, মোটামুটি স্বস্তিদায়ক আবহাওয়া রয়েছে দক্ষিণ ও উত্তর দুই বঙ্গেই। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম।তাপমাত্রা কমতেই

পিএসসি-র চেয়ারম্যান নিয়োগের দায়িত্ব নেবে হাইকোর্ট, রাজ্যসরকারকে কড়া নির্দেশ

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ রাজ্য না পারলে পাবলিক সার্ভিস কমিশনের (PSC) চেয়ারম্যান নিয়োগের দায়িত্ব নেবে হাইকোর্ট। জানিয়ে দিল কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির বৈশা। এ ব্যাপারে রাজ্য সরকারের মত জানতে চায় হাইকোর্ট। বৃহস্পতিবার প্রধান বিচারপতির টি এস শিবগণনের ডিস্কশন বৈশ্ব জানিয়েছে,পিএসসি-র চেয়ারম্যান না থাকায় বহু নিয়োগ হচ্ছে না। এমনকি, সুপ্রিম কোর্টের নিয়ম মানাও সম্ভব হচ্ছে না। এই পরিস্থিতিতে রাজ্য সরকার যদি দায়িত্ব পালন না করতে পারে, তা হলে হাই কোর্ট চেয়ারম্যান নিয়োগ করার দায়িত্ব নেবে। এ ব্যাপারে রাজ্য সরকারের মতামত জানতে চায় হাই কোর্ট। আগামী ১৪ মার্চ মামলার পরবর্তী শুনানি। তার আগেই রাজ্যকে তাদের মতামত জানাতে নির্দেশ দিয়েছেন প্রধান



নিজের পরিবার সম্বোধন করে শুক্রবার সকালে সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, দেশজুড়ে আমার পরিবারের সমস্ত সদস্যদের মহাশিবরাত্রির শুভেচ্ছা। এই পবিত্র উৎসব সবার জীবনে নতুন শক্তি নিয়ে আসবে এবং অমৃতকালে দেশের সংকল্পকেও নতুন শক্তি প্রদান করবে, এই কামনা করছি। জয় ভোলে নাথ!অন্যদিকে মুম্বইতে, এলপিজি সিলিভারের দাম হ্রাসে কটাক্ষ করলেন এনসিপি নেত্রী সুপ্রিয়া সুলে। তাঁর মতে, এটা তো

জুমলা। এলপিজি সিলিভারের দাম ১০০ টাকা কমানোর সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার, শুক্রবার আন্তর্জাতিক নারী দিবসে কেন্দ্রের এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।এরই প্রেক্ষিতে এনসিপি নেত্রী সুপ্রিয়া সুলে বলেছেন, আমি মোটেও বিস্মিত নই। সমঝটা তো দেখুন। তাঁরা গত ৯ বছর ধরে ক্ষমতায় রয়েছে। কেন তারা এটা আগে ভাবেনি? ঠিক এখন নির্বাচন, আমি ভাবছিলামই সম্ভবত

মোদী।শুক্রবার সকালে এস জয়শঙ্কর এক্স মাধ্যমে জানিয়েছেন, এইবার টোকিও যফরের সময় প্রয়াত প্রধানমন্ত্রী শিনজো আবের স্ত্রী মিসেস আকিয়ে আরের সঙ্গে দেখা হয়েছে। ভারত-জাপান সম্পর্কের অগ্রগতিতে প্রধানমন্ত্রী শিনজো আবের অমূল্য অবদানের কথা স্মরণ করেছি। শিনজো আবের সাম্প্রতিক মৃত্যুতে শোক ব্যক্ত করে প্রয়াত প্রধানমন্ত্রীর মা মিসেস ইয়োকো আবের-কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটি চিঠি হস্তান্তর করেছি।

তৃণমূলের মিছিলে সন্দেশখালির মহিলারা,অভিষেকের সঙ্গেও সাক্ষাৎ করলেন সন্দেশখালির মহিলারা



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ সন্দেশখালিতে নারী নির্বাচনের অভিযোগ নিয়ে লোকসভা ভোটের মুখে রাজ্য জুড়ে সর্বব হয়েছে বিজেপি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও হাটতে দেখা যায়। যবে শুধু মিছিলে হাটাই নয়, তারপর তাঁরা দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বচ্চন্যোপাধ্যায়ের সঙ্গে দেখাও করেন। সোশ্যাল মিডিয়ায় তৃণমূলের পক্ষ থেকে সেই ছবিও পোস্ট করা হয়েছে। সন্দেশখালিাও নিয়ে রাজ্যের শাসক দলের উপর কম চাপ বাায়নি বিজেপি সহ অন্যান্য বিরোধীরা। প্রথামন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর বঙ্গ সফরে এসে এই ঘটনা নিয়ে সরব হয়েছেন। তাঁর ভাষণের অধিকাংশ জুড়েই ছিল সন্দেশখালি ইস্যু। সেই আবহে নারী দিবস উপলক্ষে তৃণমূলের মিছিলেও দেখা যায় সঃ দশখালির মহিলাদের। পরে তারা দেখা করেন অভিষেক বঃ দ্যোপাধ্যায়ের সঙ্গে। ‘নবজোয়ার’

আগামী ৫-৬ দিনের মধ্যে এই ঘোষণা করা হবে। এটি একটি জুমলা। আমাদের সরকারে সিলিভারের দাম ছিল ৪৩০ টাকা। কেন তারা তা মেলায় না?অন্যদিকে উজ্জয়িনীতে মহাশিবরাত্রির পুণ্যলগ্নে মধ্যপ্রদেশের উজ্জয়িনীর মহাকালেশ্বর মন্দিরে পূজো দিলেন বর্ষীয়ান অভিনেত্রী তথা বিজেপি নেত্রী হেমা মালিনী। শুক্রবার সকালে যথোচিত ধর্মীয় মর্যাদায় মহাকালেশ্বর মন্দিরে পূজো দিয়েছেন হেমা মালিনী। পাশাপাশি সমস্ত দেশবাসীকে মহাশিবরাত্রির শুভেচ্ছা জানিয়েছেন হেমা মালিনী। মহাকালেশ্বর মন্দিরে পূজো দেওয়ার পর হেমা মালিনী বলেছেন, খুব সুন্দর দর্শন হয়েছে এবং সবাইকে মহাশিবরাত্রির অনেক শুভেচ্ছা ও অভিনন্দন। এখানে মহাকালের একটি সুন্দর করিডোর তৈরি করা হয়েছে, আমরাও চাই যে বাকিবিহারীতেও (মন্দির) শীঘ্রই (করিডোর) তৈরি করা হোক। যাতে ভিড় সামলানো যায়।

প্রসঙ্গ সন্দেশখালি, এবার সায়নীর প্রশ্নের মুখে সাংসদ নুসরত

রেশন বণ্টন দুর্নীতি মামলার তদন্তে সন্দেশখালিতে তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে অভিযানে গিয়ে তাঁর বাহিনীর হাতে আক্রান্ত হতে হয় উড়াল আধিকারিকদের। তা নিয়ে ইভিউ হুয়েছিল বঙ্গ রাজনীতি। ক্রমে তা আলোড়িত করেছিল জাতীয় রাজনীতিকেও। এর পর একে একে শাহজাহান-সহ তৃণমূলের সন্দেশখালির দাপুটে নেতারা বোপান্তা হতে শুরু করলে জনবিক্ষোভের ঘটনা ঘটতে থাকে গ্রামাঞ্চলিতে। মহিলাদের সঙ্ঘবদ্ধ প্রতিবাদ ও যৌন নিপীড়নের অভিযোগ সংবাদের শিরোনামে উঠে আসে। দীর্ঘ সময় ধরে সন্দেশখালি প্রসঙ্গে নীরব ছিলেন নুসরতা যখন সন্দেশখালিতে আগুন জ্বলছিল, তখন তিনি ব্যস্ত ছিলেন তাঁর ছবি প্রচার নিয়ে। যা নিয়ে সমালোচিত হয়েছিলেন তৃণমূলের এই তারকা সাংসদ।সুপরে অবশ্য লিখিত বিবৃতি জারি করে নুসরত বলেছিলেন, ‘এই সংকটম্ভ পরিস্থতিতে উস্কানি দেওয়া বা অন্যদের উস্কানি দেওয়া থেকে বিরত রেখে একাবদ্ধ প্রশাসনকে সহযোগিতা করা উচিত। রাজ্য সরকার অক্লান্ত ভাবে স্থানীয়দের সাহায্য করছে এবং এক জন নির্বাচিত প্রতিনিধি হিসাবে আমি কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছি। বিষয়টি নিয়ে রাজনীতি করা উচিত নয়। আমার কাজ আগুন নেভানো, ইন্ধন জোগানো নয়। আসুন সকলে মিলে প্রশাসনকে সহযোগিতা করি এবং দায়িত্ব পালন করতে দিই।

১৩ মার্চ অবধি রোজই ব্যস্ততা প্রধানমন্ত্রীর, একগুচ্ছ কর্মসূচি নিয়ে পৌঁছবেন নানা রাজ্যে



নয়াদিিল্লি, ৮ মার্চ : বিশ্রাম নিচ্ছেন না একদিনও, প্রতিদিনই পৌঁছে যাচ্ছেন দেশের কোনও না কোনও রাজ্যে। তুলে দিচ্ছেন বিপুল অর্থের উপহার (উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস), আগামী ১৩ মার্চ অবধি রোজই ব্যস্ত থাকবেন প্রধানমন্ত্রী মোদী, একগুচ্ছ কর্মসূচি নিয়ে পৌঁছবেন দেশের নানা রাজ্যে। ৯ মার্চ, শনিবার অরুণাচল প্রদেশে যাবেন মোদী। পশ্চিম কামেত্তে তিনি সেলা টানেল উদ্বোধন করবেন। তার পর রাজধানী ইটানগরে গিয়ে সরকারি কিছু প্রকল্পের উদ্বোধন করবেন। আবার সেখান থেকে যাবেন অসমে। জোরহাটে লাচিত বোডুকনের মূর্তি উন্মোচন করবেন মোদী। ফিরে আসবেন পশ্চিমবঙ্গে। ওই দিনই শিলিগুড়িতে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করার কথা রয়েছে প্রধানমন্ত্রীর।১০ মার্চ, রবিবার বাংলা থেকে উত্তর প্রদেশে যাবেন প্রধানমন্ত্রী। আজমগাওে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করবেন। মঞ্চে থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও। ১১ মার্চ (সোমবার) আবার দিল্লিতে যাবেন প্রধানমন্ত্রী। সেখানে ‘ ড্রোন দিদি’, ‘ দিদি’-র মতো বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করবেন তিনি। দ্বারকা এক্সপ্রেসওয়ের হরিয়ানা শাখার উদ্বোধনও হবে তাঁর হাতে। তার পর ডিআরডিও-র একটি অনুষ্ঠানে যোগ দেবেন মোদী। এরপর ১২ মার্চ, নবম দিনে গুজরাটে যাবেন মোদী। সবারমতিতে কর্মসূচি রয়েছে তাঁরা। সেখান থেকে যাবেন রাজস্থানে। পোখরান এবং জয়সলমীরে যাওয়ার কথা রয়েছে তাঁরা। ১৩ মার্চ, শেষ পর্যায়ে ভিডিয়ো কনফারেন্সিংয়ের মাধ্যমে গুজরাট এবং অসমে মোট তিনটি সেমিকভান্তির প্রকল্পের ভিত্তিপ্তস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী।

উচ্চ প্রাথমিকে নিয়োগ দুর্নীতিতে তৎপর ইডি, কলকাতার বিভিন্ন ঠিকানায় তদন্তে কেন্দ্রীয় সংস্থা



নয়াদিিল্লি,৮মার্চ:এবার উচ্চ প্রাথমিকে নিয়োগ দুর্নীতিতে তপর হয়ে উঠল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। শুক্রবার সকাল থেকে কলকাতার বিভিন্ন ঠিকানায় তদন্তে নেমেছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। ইডি সূত্রের খবর, নিউটাউনের পানথরখাটা এলাকায় আবদুল আমিন নামের এক পাশ্চশিক্ষকের বাড়িতে হানা দিয়েছেন ইডি-র পাঁচ আধিকারিক। সূত্রের খবর, এই শিক্ষক রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ।

১০ মার্চ পর্যন্ত শুষ্কই থাকবে উপতকা, জম্মু ও কাশ্মীরের সর্বত্রই উর্ধ্বমুখী তাপমাত্রা

শ্রীনগর, ৮ মার্চ :আগামী ১০ মার্চ পর্যন্ত মূলত শুষ্কই থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। ১০ মার্চ পর্যন্ত আবহাওয়ার বিশেষ কোনও পরিবর্তনের সম্ভাবনা নেই। তবে, ১২ মার্চের পর আবহাওয়া বদলাবে উপত্যকায়। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ১২ থেকে ১৪ মার্চের মধ্যে কাশ্মীরের উঁচু পাহাড়ে তুষারপাত ও সমতলে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহবিদরা স্পষ্টভাবে জানিয়েছেন, ১০ মার্চের আগে আবহাওয়ায় বিশেষ কোনও পরিবর্তনের সম্ভাবনা নেই।এদিকে, শুষ্ক আবহাওয়ার কারণে জম্মু ও কাশ্মীরের সর্বত্রই উর্ধ্বমুখী তাপমাত্রার পারদ। শুধুমাত্র পহেলগাম ও গুলমার্গে এখনও ঠান্ডা রয়েছে, এই দুই জায়গা ছাড়া সর্বত্রই উর্ধ্বমুখী তাপমাত্রার পারদ। কাশ্মীরের আবহাওয়া দফতর পূর্বাভাসে জানিয়েছে, ১২ থেকে ১৪ মার্চ পর্যন্ত জম্মু ও কাশ্মীরের বেশিরভাগ অঞ্চলে হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং তুষারপাতের সম্ভাবনা রয়েছে। তুষারপাতের পূর্বাভাসের প্রেক্ষিতে অমরকানী এবং পর্গটকতের সেই অনুযায়ী পরিস্থানা করার এবং প্রশাসন ও ট্রাফিক পুলিশ বিভাগের জারি করা পরামর্শগুলি অনুসরণ করার পরামর্শ দেওয়া হচ্ছে।

বিমানে বসার আসনে গদি গায়েব! হতভম্ব যাত্রী

বেঙ্গালুরু, ৮ মার্চ :বেঙ্গালুরু থেকে ভোপালগামী ইন্ডিগোর একটি বিমানে উঠেছিলেন যবনিকা রাজ শাহ নামে এক যাত্রী। কিন্তু বিমানে উঠে দেনেন, সিট-এর মধ্যে গদিই নেই!ওই মহিলা যাত্রী সম্প্রতি তার সোশ্যাল মিডিয়া প্র্যাকটিস এক্স-এ একটি ছবি শেয়ার করেছেন, সেখানে দেখা যায় বসার আসনে লাগানো গদি অনুপস্থিত। এরপরই ইন্ডিগো এয়ারলাইন্সকে এক্স হ্যাডলে ট্যাগ করে তিনি কটাক্ষের সূরে লিখেছেন- এটি বেঙ্গালুরু থেকে ভোপালের ফ্লাইট! আশা করি আমি নিরাপদেই অবতরণ করব।যবনিকার পোস্টটি ইতিমধ্যেই ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। তাঁর ওই পোস্টেই প্রতিক্রিয়া জানিয়েছে বিমান সংস্থা ইন্ডিগো। তাদের তরফে সাফই দেওয়া হয়েছে, ওই আসনের গদি বিমান ছাড়ার আগে সরিয়ে দেওয়া হয়েছিল পরিষ্কার করার জন্য। এটা একটা স্বাভাবিক প্রক্রিয়া।

এনডিএ-তে ফিরতে পারেন চন্দ্রবাবু নাইডু, রাজনৈতিক মহলে গুঞ্জন!

নয়াদিিল্লি, ৮ মার্চ : বৃহস্পতিবার ওশির শাসকদল বিজেডি-র তরফে এনডিএ তে ফেরার আভাস মিলেছিল। এবার একই আভাস মিলেছিলো তেলুগু দেশম পার্টি (টিডিপি)-র তরফেও। ৬ বছর পর সম্ভবত এনডিএ-তে আবার ফিরছেন চন্দ্রবাবু নাইডু। সূত্রের খবর, বৃহস্পতিবার গভীর রাতে দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে বৈঠক করেন অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা টিডিপি প্রধান এক চন্দ্রবাবু নাইডু। সেখানেই বিষয়টি চূড়ান্ত হয়েছে বলে সূত্রের খবর। লোকসভা ভোটের পাশাপাশি অন্ধ্রপ্রদেশে বিধানসভা ভোট হওয়ার সম্ভাবনা রয়েছে শীঘ্রই। সেখানে বিজেপি-লেগুও দেশম পার্টি

একসঙ্গে লড়তে পারে ক্ষমতাসীন ওয়াইএসআর কংগ্রেসকে হারানোর উদ্দেশ্যে।উল্লেখ্য, চন্দ্রবাবু নাইডু ইতিমধ্যে তেলুগু অভিনেতা তথা রাজনীতিক পর্বন কল্যাণের দল জনসেনা পার্টির সঙ্গে জোট করেছেন। ফলে লোকসভার পাশাপাশি বিধানসভাতেও তিন দল একসঙ্গে লড়তে পারে। একটা সময় চন্দ্রাবাবু ছিলেন এনডিএ-এর অন্যতম স্থপতি এবং ২০১৮ পর্যন্ত জোটের আস্থায়ক। অল্পের বিশেষ মর্যাদার দাবিতে ২০১৮ সালে এনডিএ ছাড়ে ন তিনি। ২০১৯-এর লোকসভা এবং অন্ধ্র প্রদেশ বিধানসভা ভোটে টিডিপি একাই লড়ছিল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,৯মার্চ ১৯৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৯মার্চঃ ২০২৩, ৫৩৬ চৈতঃ৪নাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ২৫ফাল্গুন মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাব্দ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেঃ৪শঃ২৫ ফাল্গুন মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৫ ফাল্গুন মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী গ্রীত্রী অরপূনাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০৫ঃ৫০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ (তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দৎ ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দৎ ৪৫৮৪৫ পর্যন্ত পরে পূনর্বস্করণঃবহির্জ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দৎ ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বৃষ্টিযোগঃঅতিগেও অমৃতযোগঃবহির্জ ০৫ঃ২৪ঃ৪১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ২২ঃ১২ পর্যন্ত, যথেকে - ০৬ঃ২৪ঃ০৮ পর্যন্ত। ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ১৩ পর্যন্ত কুলিগ বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত কুলিগ রাত্রিঃ০৭ঃ ২৪ঃ৫২ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুটঃ (সূর্য উদয় কালীনা)৪রবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ২ পদচন্দ্রঃ ২২ঃ১২ঃ৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯ঃ২৭ঃ৫৯ (২৩) ২ পদবুধঃ ০২ঃ২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০ঃ৯৪ঃ২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯ঃ২৪ঃ৩০ (২৩) ১ পদরাজঃ ১২ঃ২৭ঃ৩ (৩) ২ পদকেতুঃ ৭ঃ২৭ঃ৫৩ (১৬) ৪ পদ। ।বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ২৫

আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২১) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেল্টিগ্রেড ও (১১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৩৯শতকরা। বৃষ্টি হয়নি শুক্রবার। জোয়ার-সকাল ৫টা ২১ মিনিট এবং রাতঃ৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৫টা ২০মিনিট। রাতঃ-৯টে ২১ মিনিট। সূর্য উদয় আঙ্কঃ ৬টা ১০মিনিট এবং সূর্য অস্ত্য যাবে ঃ ৫ টা ৩০ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃআজ আপনি আপনার স্বাস্থ্য এবং চেহারা উন্নত করার যথেষ্ট সময় পাবেন। শুভ দিন। বৃষভ রাশিঃমনে হচ্ছে দিনেনা৷ যিহঁটোরে সন্ধ্যাযাপন বা আপনার স্বামী বা স্ত্রীর সাথে সান্ধ্যভোজ আপনাকে এক অয়েসী এবং চমকপ্রদ মেজাজে রাখবে। মিথুন রাশিঃকোন বন্ধু আপনার মুক্ত মানসিকতা এবং ধৈর্যগাণ্ডিক পরীক্ষা নিতে পারে। আপনার আদর্শ যাতে হার না মানে সে সম্পর্কে আপনার বিশেষ সতর্ক কর্কট রাশিঃআপনি আপনার শারীরিক সক্ষমতা বজায় রাখতে কিছু ক্রীড়া কার্যকলাপ উপভোগ করতে পারেন। আপনার অধিরোে সহকর্মী আজ আপনার মূল্যবান সিংহরাশিঃকর্কবাস্তু দিন হওয়া সত্ত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনি যদি বিদেশের কোনও জমিতে বিনিয়োগ করে থাকেন কন্যারাশিঃআপনার মধ্যে শক্তির প্রাচুর্য থাকবে- কিন্তু কাজের চাপ আপনার বিরক্তের কারণ হবে। বিশেষ জাত আছে এমন তুলারাশিঃমেঘের উপর দিয়ে হাটার সময় গর্তবতী মানেদের বিশেষ যত্ন অবলম্বন করা উচিত। আর্থিক ক্ষেত্রে উন্নতি আপনার পক্ষে দীর্ঘযাত্রী বকেয়া হয়েছে। বৃশ্চিক রাশিঃ আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংযোগে শান্তি হবে ধনু রাশিঃ আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকাুন। শুভদিন হতে পারে রাহু মকর রাশিঃসুখী জীবনের স্বার্থে নিজের একগুয়েমি দূর করুন। এরফলে নিছক সময় নষ্ট হয়। কুম্ভ রাশিঃআপনার সব সমস্যার জন্য রোা প্রতিবেদক হল হাসি। মীন রাশিঃযুমুগু আবহাওয়া দেখা সন্ধ্যাগুলো জেগে উঠে মালিকের চাপ আনবে। মনে হয় আপনার অভিভাবকের সম্প্রসারিত সহায়তার সাথে সাথে আর্থিক ঝঞ্ঝট পার হয়ে যাবে। আপনার মধুরতা এবং ব্যক্তিত্ব আপনাকে কিছু নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে। কাজ চাপ আপনার

রাস্তায় প্রকাশ্যে শাশুড়িকে কুপিয়ে খুন করলেন জামাই। ধারালো অস্ত্রের এলোপাখাড়ি কোপে গুরুতর জখম হলেন স্ত্রীও। শিলিগুড়িখ ঘটনা। ...বিস্তারিত পাতা ৫

সুন্দরবনে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষে নতুন রেললাইন বসানোর কাজ শুরু হয়েও আপাতত বন্ধই সুন্দরবনে রেললাইন সম্প্রসারণের কাজ। ...বিস্তারিত পাতা ৬

দেশে প্রথম পশ্চিমবঙ্গে বিদ্যুতের কোনও সাবস্টেশন সম্পূর্ণ মহিলা দ্বারা পরিচালিত হল। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ঘোষণা বিদ্যুৎ দপ্তরের। ...বিস্তারিত পাতা ৭

লোকসভা নির্বাচনে বাংলায় প্রার্থী তালিকায় বিরাট বড় চমক বিজেপিখ। সূত্রের খবর, আসম লোকসভা নির্বাচনে বিজেপি প্রার্থী হতে পারেন মহম্মদ শামি।। ...বিস্তারিত পাতা ৮

জাতির ভবিষ্যৎ গঠনে নারীদের শক্তি এবং দক্ষতার পরিচয়বাহক হবে : মোদী



নয়াদিল্লি, ৮ মার্চ : রাজ্যসভায় মনোনীত হলেন সুধা মূর্তি। আন্তর্জাতিক নারী দিবসেই এই কথা জানানলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নিজের এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী জানান, নারী শক্তির প্রতীক হিসাবেই রাজ্যসভায় মনোনীত করা হয়েছে সমাজকর্মী সুধা মূর্তিকে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক হিটে এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে লিখেছেন, সামাজিক, মানবিক এবং শিক্ষাক্ষেত্রসহ বিভিন্ন ক্ষেত্রে সুধাজির অসামান্য অবদান রয়েছে। রাজ্যসভায় তার উপস্থিতি নারী শক্তির প্রতি এক সাক্ষরবহন করবে। জাতির ভবিষ্য গঠনে নারীদের শক্তি এবং দক্ষতার পরিচয়বাহক হবে তার উপস্থিতি।৭৩ বছর বয়সি সুধা মূর্তিকে ২০০৬ সালে পদ্মশ্রী এবং ২০২৬ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত করেছিল সরকার। ইনফোসিসের প্রতিষ্ঠাতা নারায়ণ মূর্তির স্ত্রী সুধা মূর্তি হলেন ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনকের শাশুড়ি। ২০১১ সালে কন্নড় সাহিত্যে অসামান্য অবদানের জন্য আর কে নারায়ণ পুরস্কার পেয়েছিলেন। মূর্তির জন্ম ১৯৫০ সালে উত্তর কর্ণাটকের হাভেরি জেলার শিগাওয়া। বাবা আর এইচ কুলকার্নি ছিলেন সার্জন এবং মা বিমলা কুলকার্নি ছিলেন শিক্ষিকা। ব্রাহ্মণ পরিবারের কন্যা মূর্তি বিভিন্ন কলেজ থেকে ইঞ্জিনিয়ারিং পাশ

করেন। রাজ্যসভার সদস্যপদে মনোনয়ন নিয়ে। রাজনৈতিক বিশেষজ্ঞদের একাংশের মতে, হিন্দি বলয়ে বিজেপি পদ্ম ফেটাতো পারলেও এখনও পর্যন্ত তাদের দাক্ষিণাত্য অভিযান ব্যর্থ থেকে গিয়েছে। বিশেষত গতবছর কর্ণাটক বিধানসভা ভোটে কংগ্রেসের কাছে গোহারা হয়েছে বিজেপি। এবারের লোকসভা ভোটে বিজেপি দক্ষিণ ভারতকে টার্গেট করে এগোচ্ছে। তার মধ্যে অন্ধ্রপ্রদেশ এবং তেলঙ্গানায় খাতা খুলতে পারলেও করেল ও কর্ণাটক নিয়ে দৃষ্টিস্তায় রয়েছে পদ্ম নেতৃত্ব। বিশেষ করে পার্টিতে পরাজয়ের গ্রানি তুলতে পারছে না দিল্লির নেতৃত্ব। সুধা মূর্তি কর্ণাটকসহ দক্ষিণ ভারতে একটি পরিচিত নামই শুধু নয়, সাধারণ মানুষের কাছেও তার মানবিক কাজকর্মের কারণে অতি পরিচিত মুখ। এছাড়া ব্রিটিশ প্রধানমন্ত্রীর ঘনিষ্ঠ আত্মীয় হওয়ার সুবাদে ব্রিটেন-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কও অনেক চওড়া হওয়ার আশা করা যায়। সর্বোপরি ইনফোসিসের মালকিন হওয়ার অগাধ সম্পত্তি রয়েছে তাদের পরিবারে। সব মিলিয়ে দক্ষিণ ভারতীয় রাজনীতিতে মূর্তির পরিচয়, সর্বজনগ্রাহ্য, আন্তরিক মূর্তি কে তুলে ধরে ভোটের মুখে চমক দেওয়ার চেষ্টা বলে রাজনীতি বিশেষজ্ঞদের অনেকেরই মত।

নারী দিবসে মেয়েদের জন্য বড় ঘোষণা রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বড় ঘোষণা বিদ্যুৎ দফতরের। শুক্রবার অরুণ বিশ্বাসের দফতর দু’টি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে। এদিন পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সংবহন সংস্থার দু’টি সাবস্টেশনকে সম্পূর্ণ মহিলা পরিচালিত বলে ঘোষণা করা হল। সপ্টেম্বরের ১৩২ কেভি জিআই সাবস্টেশন এবং পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বর্টন সংস্থার এলিটা গার্ডেন ভিন্ডা ৩৩ কেভি সাবস্টেশন (যা রাজারহাটে অবস্থিত)-কে সম্পূর্ণ মহিলা পরিচালিত করে দেওয়া হল। দেশের মধ্যে এই প্রথম কোনও সাবস্টেশন সম্পূর্ণ মহিলা দ্বারা পরিচালিত হল। এছাড়াও পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বর্টন সংস্থার যে কাষ্টমার কেয়ারগুলি রয়েছে, সেগুলিকেও সম্পূর্ণ মহিলা দ্বারা পরিচালিত করা হবে বলে মন্ত্রী এদিন জানিয়ে দেন। বিদ্যুৎ দফতর সূত্রের খবর, সপ্টেম্বরে যে সাবস্টেশন রয়েছে সেখানে ৮ জন কর্মী রয়েছে। অরুণ বিশ্বাস বলেন, “মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় আমাদের নির্দেশ দিয়েছিলেন অন্তত কয়েকটা সাবস্টেশন ১০০ শতাংশ মহিলা পরিচালিত করা হোক। আজকের বিশেষ দিনে নিউটাউনে এবং এখানে দু’টো সাবস্টেশন ১০০ শতাংশ মহিলা পরিচালিত করছি। যদি আমার এখানে ৮০ জন কর্মী থাকেন ৮০ জনই মহিলা। নিরাপত্তা থেকে শুরু করে ইঞ্জিনিয়ারিং পর্যন্ত সবটাই মহিলা পরিচালিত হবে। ভারতবর্ষে এটা প্রথম। ভারতে এর আগে কোথাও কখনও মহিলা পরিচালিত সাবস্টেশন হয়নি। মমতা বন্দোপাধ্যায় এ পথ দেখালেন। আমার বিশ্বাস আগামিদিনে দেশ এটা করবে।”

নতুন মুখের সন্ধানে তৃণমূল কংগ্রেস

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : আসম লোকসভা নির্বাচনে প্রার্থী বাছাই এর ক্ষেত্রে নতুন মুখের সন্ধানে তৃণমূল কংগ্রেস তাদের রাজ্য কার্যালয় তৃণমূল ভবনে ড্রপবক্স বসিয়েছে। প্রার্থী হতে চেয়ে জমা পড়া সব আবেদনগুলি আগামীকালের মধ্যে পরীক্ষা করে দেখা হবে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। প্রার্থী হতে চেয়ে এখনো পর্যন্ত ৯৬ টি আবেদনপত্র জমা পড়েছে বলে সূত্রের খবর। এইদিকে আগামী রবিবার তাদের প্রস্তাবিত ব্রিগেড সমাবেশের মঞ্চ থেকে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা বানার্জি রাজ্যে ৪২ টি লোকসভা কেন্দ্রে দলের প্রার্থীদের নামের তালিকা ঘোষণা করতে পারেন বলে মনে করা হচ্ছে। তবে সেই তালিকায় করা কারা থাকবেন তা নিয়ে কোনও তথ্য এখনই চূড়ান্ত হয় নি বলেই শোনা গিয়েছে। তাই দলীয় কর্মীরা সেই বিষয় নিয়ে খানিকটা চিন্তায় রয়েছেন।

‘কাকে রক্ষা করতে চাইছেন?’ দিয়েই রাজ্যকে প্রশ্ন বিচারপতির সন্দেশখালিতেই শুভেন্দুর সভার অনুমতি



দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সন্দেশখালির সভার অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। নির্দেশ দিয়েছে বিচারপতি জয়

সেনগুপ্তের বৈষ্য। রাজ্যকে বিচারপতি প্রশ্ন করেন, “এই মিটিং করতে না দিয়ে আপনারা কাকে রক্ষা করতে চাইছেন?” বিচারপতি আরও বলেন, “আপো সন্দেশখালিতে কোনও গোলামাল না থাকায় সেখানে কোনও দিন ১৪৪ ধারাও ছিল না। কিন্তু মামলা করার আগেই সেখানে ১৪৪ ধারা জারি করা হয়।” বিচারপতি রাজ্যকে প্রশ্ন করেন, “এটা ইচ্ছেকৃত। আসলে সভা আটকাতেই এই ১৪৪ ধারা জারি। এটা অস্বীকার করবেন কী করে!” রাজ্যকে নির্দেশ দেন, বিরুদ্ধ যে জয়গা চিহ্নিত করা হয়েছে সেখানে কোনও গোলামাল নেই। তাই সভা করতে দিতে হবে। আগামী ১০ মার্চ ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত সভা হবে। তবে বিচারপতি এও নির্দেশ দিয়েছেন, সভা থেকে কোনওরকমের উদ্ভাসি মূলক বক্তব্য দেওয়া যাবে না। ন্যায্যটির দক্ষিণ আক্রা তলান নতুন সভার জয়গা চিহ্নিত করা হয়েছে। শুভেন্দু অধিকারীর সভার জন্য ন্যায্যটি থানা এলাকায় দুটি জয়গা ঠিক করা হয়েছিল। কিন্তু অভিযোগ ওঠে, অনুমতি চাওয়ার পরেই পুলিশ সেখানে ১৪৪ ধারা জারি করে দেয়। আদালতে এই বিষয়টি সওয়াল করেন মামলাকারী আইনজীবী। প্রসঙ্গত, শেখ শাহজাহানের প্রেফতারির দিনই সন্দেশখালিতে গিয়েছিলেন শুভেন্দু অধিকারী। তিনি সেদিনই ঘোষণা করেছিলেন ১০ মার্চ সন্দেশখালিতে সভা করবেন তিনি। সেই সভা নিয়েই জটিলতা শুরু হয়।

সিবিআই স্ক্যানারে কললিস্ট গ্রেফতারির ৮ দিন পর মুখ খুললেন শাহজাহান

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : গত সপ্তাহে পুলিশে জালে ধরা পড়েন শেখ শাহজাহান। ৫৫ দিন তিনি কোথায় ছিলেন? পুলিশের চোখে ফাঁকি দিয়ে তিনি দিনের পর দিন কীভাবে ঘুরে বেড়ালেন? সেই প্রশ্নের উত্তর এখনও অধরা। গ্রেফতারির পর থেকে সংবাদমাধ্যম বারবার এসব প্রশ্ন করলেও মুখ খোলেননি শাহজাহান। ৮ দিন পর অবশেষে উত্তর দিলেন তিনি। বর্তমানে নিজাম গ্যালেসে সিবিআই হেফাজতে রয়েছেন শাহজাহান। আজ শুক্রবার স্বাস্থ্য পরীক্ষার জন্য তাঁকে বের করে নিয়ে যাওয়া হয়। সেই সময় সংবাদমাধ্যমের প্রশ্নের মুখে উত্তর দেন তিনি। আধিকারিকরা যখন নিজাম থেকে বের করে গাড়িতে তুলছেন



‘সব মিথ্যা, সব মিথ্যা।’ আরও বলেন, ‘প্রমাণ হবে। আল্লাহ আছে, বিচার থাকবে হবে।’ রাজ্য পুলিশ প্রথমে তাঁকে গ্রেফতার করলেও কলকাতা হাইকোর্টের নির্দেশে তাঁকে হেফাজতে পেরিয়েছে সিবিআই। শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চালাতে

গিয়ে কেন ইতি অফিসারদের হামলার শিকার হতে হল, তার তদন্ত শুরু করেছে কেন্দ্রীয় সংস্থা। সূত্রের খবর, দলীয় দলীয় জেরা করা হচ্ছে অভিযুক্তকে। একগুচ্ছ প্রশ্ন সাজানো হলো মুখ খুলছেন না শাহজাহান। তাঁর মুখ থেকে কথা বের করতে একের পর এক কৌশল সাজাচ্ছে সিবিআই। শুক্রবার সকালে স্বাস্থ্য পরীক্ষার জন্য জেলার ইএসআই-তে নিয়ে যাওয়া হয়েছিল শেখ শাহজাহানকে। ১ ঘণ্টা ১০ মিনিট পরে শারীরিক পরীক্ষা শেষে ফের নিজাম গ্যালেসে নিয়ে বের করে নিয়ে যাওয়া হয় তাঁকে। এখানে, তাঁকে হেফাজতে পাওয়ার পর সরেজমিনে তদন্ত করে দলীয় দলীয় সন্দেশখালি যাচ্ছেন সিবিআই আধিকারিকরা।

ব্রিগেডে ‘জনগর্জন’ সেরে সোজা জেলায়, ১২ মার্চ হাবড়ায় সভা মুখ্যমন্ত্রীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : ক্রমশ স্বাভাবিক হচ্ছে সন্দেশখালির পরিস্থিতি। এলাকায় শান্তি ফেরাতে প্রশাসনের উদ্যোগে পরিষেবা প্রদান কর্মসূচিও চালু হয়েছে। কেড়ে নেওয়া জমি ফেরত দেওয়া হচ্ছে। সরকারের পক্ষ থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, যে সব চাষযোগ্য জমিতে লোনা জল ঢুকিয়ে জমি নষ্ট করে দেওয়া হয়েছিল, তা আবার ফেরানোর উদ্যোগ শুরু করেছে প্রশাসন। প্রশাসনের উদ্যোগে এই ক্ষত মে রামত কতটা সম্ভব হয়েছে তা সময় বলবে। তবে এই প্রক্রিয়ার মধ্যেই সন্দেশখালি থেকে ৭২ কিলোমিটার দূরে হাবড়ায় সভা করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সূত্রে খবর, জনগর্জন সমাবেশের পরই হাবড়ায় এই সভা করবেন মুখ্যমন্ত্রী। গত ৬ মার্চ উত্তর ২৪ পরগনা বারাসতে সভা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেই সভায় হাতির করা হয়েছিল সন্দেশখালির নির্বাচিতদের। তাদের



করা হয়েছিল তৃণমূলের পক্ষ থেকে। সেই মিছিলে হাটতে দেখা যায় সন্দেশখালির মহিলাদের। এই পরিস্থিতিতে লোকসভা ভোটের আবহে মুখ্যমন্ত্রীর হাবড়ায় সভা করবেন মুখ্যমন্ত্রী। আগামী ১২ মার্চ

জুড়ে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করতে পারেন মুখ্যমন্ত্রী। তারই প্রস্তুতি নিয়ে বলা হয়েছে। অন্য একটি কারণেও মমতা বন্দোপাধ্যায়ের এই সভা রাজনৈতিক ভাবে তাৎপর্যপূর্ণ। লোকসভা নির্বাচনের আগে একাধিক শক্তনু ঠাকুর সহই বিজেপি নেতারা সিসিএ কার্যকরী হতে পারে ইঙ্গিত দিচ্ছেন। সেই আবহে মতুয়া গড়ে যাচ্ছেন মুখ্যমন্ত্রী। তিনি অবশ্য সাফ জানিয়ে দিয়েছেন, রাজ্যে সিসিএ কার্যকর করতে দেওয়া হবে না। মুখ্যমন্ত্রীর প্রশাসনিক সভার পাশাপাশি আর অন্য কোনও কর্মসূচি আছে কিনা তা জানা যায়নি। লোকসভা নির্বাচনের আগে জেলায় জেলায় সফর শুরু করছেন তারা। বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেছেন তিনি। তবে মনে করা হচ্ছে আগামী ১৩ মার্চ নির্বাচন ঘোষণা করা হতে পারে। তার আগেই সূত্রের মতে রাজ্যের কাজ শেষ করতে হবে। চালু প্রকল্পের কাজও ১২ মার্চের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছেন তিনি।

পুলিশের দেখানো পথই ভরসা কেন্দ্রীয় বাহিনীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ মার্চ : পথ দেখানোর দায়িত্বে পুলিশ। তাদের গাইড লাইন না মানলে কানাগলিতে ঘুরপাক খেতে হবে অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীকে। এই কড়া বাস্তবতা নেনেই লোকসভা নির্বাচনের নিরাপত্তা দিতে আরও বাহিনী পাঠাচ্ছে নির্বাচন কমিশন। লোকসভা নির্বাচনের আগে, নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের (সিএপিএফ) ১৫০ টি কোম্পানি মোতায়েন করেছে। রিপোর্ট অনুযায়ী, এই সপ্তাহের শেষের দিকে প্রায় ১০০টি কোম্পানি রাজ্যে চলে যাবে, আর মার্চের দ্বিতীয় সপ্তাহে অতিরিক্ত ৫০টি কোম্পানি পাঠানো হবে। পশ্চিমবঙ্গে যাওয়ার জন্য নির্ধারিত ১০০টি কোম্পানির মধ্যে বর্ডার সিকিউরিটি ফোর্স থেকে ৫০টি,



ইন্দো-তিব্বত সীমান্ত থেকে ১০টি কোম্পানি অন্তর্ভুক্ত থাকবে। পুলিশ ফোর্স, এবং সশস্ত্র সীমা বাল থেকে ১০টি কোম্পানি থাকবে। নির্বাচনী সংস্থা নির্বাচনের সময় রাজ্যে হিংসাত্মক পরিস্থিতির অতীতের

সংঘর্ষে আহত দলীয় কর্মীদের ছবি জমা দিয়েছে। অন্য দুই বিরোধীপক্ষ সিপিআইএম ও কংগ্রেসের তরফে কেন্দ্রীয় বাহিনীর পূর্ণ ব্যবহার নিয়ে সংশয় প্রকাশ করা হয়েছে। লোকসভা নির্বাচনে মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা এবং কোচবিহার সহ অঞ্চলগুলিতে ভারী বাহিনী মোতায়েন হওয়ার সম্ভাবনা রয়েছে। নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করে প্রধান নির্বাচন কমিশনার রাজীব কুমার বলেছেন, প্রতি ভোটে কেন্দ্রে গড়ে ৯৪৩ জন ভোটার নিয়ে আশি হাজারের বেশি ভোট কেন্দ্র স্থাপন করা হবে। এই ভোট কেন্দ্রগুলির ৭৫ শতাংশেরও বেশি গ্রামীণ এলাকায়। কমিশন সূত্রে খবর, নির্বাচনের সময় বিভিন্ন ধাপে বিভিন্ন রাজ্যে মোট ১,৫০০ কোম্পানি মোতায়েন করা হবে।

তমলুকে লড়ছেন প্রাক্তন বিচারপতি অভিজিৎ ?

দুরন্ত বার্তা, তামলুক, ৮ মার্চ : প্রার্থী ঘোষণার আগেই শুরু দেওয়াল লিখন শুরু হল। নন্দীগ্রাম ১ নম্বর ব্লকের হরিপুরে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নামে দেওয়াল লিখন শুরু করে দিল বিজেপি। তবে কি গুঞ্জনে ঠিক হল। তমলুক থেকে প্রার্থী হচ্ছেন প্রাক্তন বিচারপতি, রাজনৈতিক মহলে শুরু হল জল্পনা। শুক্রবার সকাল থেকে নন্দীগ্রামে ১ নম্বর ব্লকের হরিপুরে দেওয়াল লিখন শুরু হয়। দলীয় কর্মী-সমর্থকরা তমলুকের বিজেপি প্রার্থী হিসাবে তাঁর নামে দেওয়াল লিখন করবেন। বলে রাখা ভালো, বিজেপি বাংলায় মাত্র ২০টি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে, তিনিই সেই অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নাম নেই। তবে কীভাবে প্রাক্তন বিচারপতির



সমর্থক আবেগের বশে এই কাজ করেছেন। শীর্ষ নেতারা যাকে প্রার্থী হিসাবে বাছবেন, তিনিই সেই লোকসভা কেন্দ্র থেকে ভোটে লড়বেন। সেটাই চূড়ান্ত সিদ্ধান্ত

আনুষ্ঠানিকভাবে রাজনীতির ময়দানে পা রেখেছেন তিনি। হাতে তুলে নিয়েছেন পদ্মশিবিরের পতাকা। শোনা যাচ্ছে, তমলুক থেকে বিজেপি প্রার্থী হতে পারেন তিনি। আর এই গুঞ্জনের মাঝে নন্দীগ্রামে ১ নম্বর ব্লকের হরিপুরে দেওয়াল লিখন নিয়ে স্বাভাবিকভাবেই জোর ইচ্ছাই। তবে তাঁর নির্বাচনী লড়াই যে সহজ হবে না, তা বৃহস্পতিবারের সভামঞ্চ থেকে বুঝিয়ে দিয়েছেন মমতা বন্দোপাধ্যায়। ‘বিজেপি বাবু’ বলে কটাক্ষ করে মমতার চ্যালেঞ্জ, যেখানেই দাঁড়বেন ছাত্রছাত্রীদের নিয়ে যাব। তৈরি থাকুন। ওদের চাকরি আপনি খেয়েছেন। ওরাই লড়াই করবে। কাল থেকে জনগণ আপনার রায় দেবেন। সর্বমিলিয়ে লোকসভা ভোটের আগে ‘বিচারকের রাজনীতি খিরে লড়াই তুঙ্গে।

লোকসভার আগেই ভোলবদল,৬ বছর পর এনডিএতে ফিরছেন চন্দ্রবাবু, দক্ষিণে শক্তি বাড়ছে বিজেপির

৮ মার্চ : উত্তেজনাপূর্ণ বছর ২০২৪। চলতি বছরেই লোকসভা নির্বাচন রয়েছে। আর নির্বাচনের আগেই ক্ষণে ক্ষণে বদলাচ্ছে রাজনৈতিক সমীকরণ। পুরনো জোট ফিরছে অনেক দল, একদিন আগেই ওড়িশার শাসকদল বিজেডির সঙ্গে রফা প্রায় চূড়ান্ত করে ফেলেছে গেরুয়া শিবির। এবার দক্ষিণের রাজ্য অন্ধ্রপ্রদেশেও জোটসঙ্গী জুটিয়ে ফেললেন অমিত শাহরা। অন্তত এমনটাই এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের দাবি। সূত্রের খবর, প্রায় ৬ বছর বাদে এনডিএ-তে প্রত্যাবর্তন করতে চলেছেন চন্দ্রবাবু নায়ডু। অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এই মুহূর্তে দিল্লিতে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে বৃহস্পতিবার রাতে একপ্রান্ত আলোচনা হয়েছে

তাঁরা। শুক্রবার ফের আরেক রাউন্ড আলোচনা হয়। তারপরই সরকারি ঘোষণার সম্ভাবনা। অন্ধ্রে লোকসভা নির্বাচনের সঙ্গেই বিধানসভা ভোট হবে। দুই ক্ষেত্রেই যৌথভাবে লড়বে বিজেপি এবং নায়ডুর টিডিপি। ওই জোট রয়েছে অনভিনেতা পবন কল্যাণের জটসেনা পার্টিও। প্রাথমিকভাবে বিজেপি এবং চন্দ্রবাবু নায়ডুর যা আলোচনা হয়েছে, তাতে অন্ধ্রে লোকসভায় বিজেপিকে বেশ কয়েকটি আসন ছাড়তে পারে টিডিপি। তুলনায় বিধানসভায় কম আসনে লড়বে গেরুয়া শিবির। রফা অনুযায়ী অন্ধ্রের ২৫ লোকসভা আসনের মধ্যে ৪-৬টি আসনে লড়বে বিজেপি। পবন কল্যাণের জনসেনা লড়বে ৩ আসনো। বাকি আসনগুলিতে লড়বে টিডিপি। আর

১৭৫ আসনের বিধানসভায় সিংভাগ আসনে লড়বে জনসেনা এবং টিডিপি। বিজেপি ১০-১৫টি ক্ষমতায় ফিরতে আগ্রহী। সম্প্রতি দুর্নীতির মামলায় তাঁকে জেলে ঢোকায় জগন সরকার। জামিনে



আসন পেতে পারে। একটা সময় চন্দ্রবাবু ছিলেন এনডিএ-এর অন্যতম স্থপতি এবং ২০১৮ পর্যন্ত জোটের আস্থ্যাকার। তিনি রাজ্যে

কথা হয়নি। রামমন্দিরের সামনে দাঁড়িয়ে তোলা বেশ কিছু ছবি টুইট করেন। সূত্রের খবর, সেলেন্ড নেতা অর্জুন নিন ধরেই অমিত শাহ, জেপি নান্ডারের সঙ্গে কথা চালাচ্ছেন। ২০১৪ সালের লোকসভা ভোটে বিজেপির সঙ্গে জোট ছিলেন চন্দ্রবাবু। কিন্তু অন্ধ্রের বিশেষ মর্যাদার দাবিতে ২০১৮ সালে এনডিএ ছাড়ে টিডিপি। ২০১৯-এর লোকসভা এবং অন্ধ্রপ্রদেশ বিধানসভা ভোটে একাই লড়াই করে। সেই ভোটে জগমোহন রেডিডর ওয়াইএসআর কংগ্রেসের কাছে হেরে মুখ্যমন্ত্রীর কুর্সি হারান চন্দ্রবাবু। সে বার ভোটের প্রচারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অন্ধ্রে গিয়ে চন্দ্রবাবুকে ‘বলেছিলেন। তার পর থেকে ঘোষিতভাবে বিজেপির সঙ্গে জোট ছিল না টিডিপি।

৩৯ তম রাজ্য শিশুক্রীড়া উৎসব বহরমপুরে, অংশগ্রহণকারী শিশুদের সংবর্ধনা প্রদান



দূরন্ত বার্তা, মালদা, ৮ মার্চ : ৯ ও ১০ মার্চ মুর্শিদাবাদের বহরমপুরে অনুষ্ঠিত হতে চলছে রাজ্য শিশু ক্রীড়া উৎসব। শুক্রবারই মালদা জেলার শিশু ক্রীড়াবিদেরা রাজ্য শিশু টিচার অংশগ্রহণ করতে মুর্শিদাবাদের উদ্দেশ্যে রওনা দিল।

তার আগে ফুল, চন্দন, মিষ্টি দিয়ে বরণ করে নেওয়া হল রাজ্য শিশু ক্রীড়া উৎসবের মালদা জেলার সমস্ত

বামাক্ষ্যাপার আবির্ভাব তিথি উৎসব আটলা গ্রামে, প্রচুর ভক্ত সমাগম

দূরন্ত বার্তা, বীরভূম, ৮ মার্চ : সাধক বামাক্ষ্যাপার ১৮৭ তম আবির্ভাব তিথি যথাযোগ্য মর্যাদায় পালিত হল সাধকের জন্মভিটে বীরভূমের রামপুরহাট থানার আটলা গ্রামে। সাধকের আবির্ভাব তিথি উপলক্ষে শুক্রবার সকালে আটলা গ্রাম থেকে একটি শোভাযাত্রা বের হয়। সেই শোভাযাত্রা তারাটি মন্দির প্রদক্ষিণ করে ফিরে জন্মভিটের ফিরে আসে।

বামাক্ষ্যাপার আবির্ভাব তিথি উপলক্ষ্যে তিনদিন ধরে চলবে ধর্মীয় গান, যাত্রা, নাটক। শনিবার দুপুরে কয়েক হাজার ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণ করা হবে।

বামাক্ষ্যাপা বাবার স্মৃতিরক্ষা সম্মিতির সম্পাদক স্মৃতিময় চট্টোপাধ্যায় বলেন, প্রতি বছরের মতো এবারও আমরা সাধকের আবির্ভাব তিথি মহাসমারোহে পালন করছে। ইতিমধ্যে সাধকের ভক্তরা আটলা গ্রামে চলে এসেছেন। তিনদিন ধরে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সাধকের আবির্ভাব তিথি পালন করা হচ্ছে।

অন্ডালে নিখোঁজ যুবকের মৃতদেহ উদ্ধার

দূরন্ত বার্তা, দুর্গাপুর, ৮ মার্চ : শুক্রবার এক নিখোঁজ যুবকের মৃতদেহ উদ্ধারে ঘটনাকে ঘিরে তাঁর চাঞ্চল্য ছাড়া অন্যভাবে ধাড্ডিভিছি গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম জীতেন্দ্র কুমার সিং (৩৪)। তার বাড়ি মাধবপুর কোলিয়ারি এলাকায়। এদিন সকালে ধাড্ডাভিছি গ্রাম সংলগ্ন জলপ্রকন্ডের পাশে পরিত্যক্ত খোলামুখ খনি থেকে তার মৃতদেহ উদ্ধার হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় অন্ডাল থানার পুলিশ। ময়নাতদন্তের জন্য মৃতদেহটি উদ্ধার করে দুর্গাপুর হাসপাতালে পাঠানো হয়। পরিবার সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে ওই যুবক বাড়ি থেকে বেরিয়ে আর ফেরেনি। মৃতের ভাই সত্যেন্দ্র কুমার সিং জানান, সকালে মিসিং ডায়েরি করতে থানাতে গিয়েছিলাম। সেখানে পুলিশ জানায় ধাড্ডাভিছিতে পরিত্যক্ত জলাশয়ে একটি মৃতদেহ দেখা গেছে। তারপরই মৃতদেহটি জীতেন্দ্র বর্মা শনাক্ত করা হয়। ঘটনার তদন্ত শুরু করেছে অন্ডাল থানার পুলিশ।

পর্যন্ত মুর্শিদাবাদের বহরমপুরে রাজ্য শিশু ক্রীড়া উৎসব অনুষ্ঠিত হবে। শুক্রবার দুপুরে মালদা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ থেকে এই শিশুদের সংবর্ধনা দেওয়া হয়। প্রতিটি শিশু ক্রীড়াবিদেরের হাতে একটি করে গোলাপ ফুল তুলে তুলে দিয়ে মিষ্টি মুখ করানো হয়। মালদা জেলা প্রাথমিক শিক্ষা সংসদ-সভাপতি বাসন্তী বর্মনা এ আই নয়ন কুমার দাস, অবর বিদ্যালয় পরিদর্শক রিতা সরকার সহ একাধিক অধিকারিক। মালদা জেলা প্রাথমিক শিক্ষা সংসদ-সভাপতি বাসন্তী বর্মনা বলেন, এ বছর রাজ্য শিশু ক্রীড়া প্রতিযোগিতা মুর্শিদাবাদের বহরমপুরে অনুষ্ঠিত হচ্ছে ৯-১০ মার্চ। সেখানে অংশগ্রহণ করতে মালদা জেলার ৩০ জন খুদে প্রতিনিধি আজ রওনা দিল। জেলা শিশু ক্রীড়া উৎসবে প্রতিটি ইভেন্টের প্রথম স্থান অধিকারীরাই রাজ্য ক্রীড়া উৎসবে সুযোগ

বর্ধমানে বিকশিত ভারত ভিডিও ভ্যানের উদ্বোধন বিজেপির

দূরন্ত বার্তা, বর্ধমান, ৮ মার্চ : লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষনা আর সময়ের অপেক্ষা। যে কোন মুহূর্তেই ঘোষিত হতে পারে ভোটের সময়সূচি। বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে ইতিমধ্যেই প্রচার শুরু হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের বিকশিত ভারত সংকল্প যাত্রার দুটি ভিডিও ভ্যানের উদ্বোধন হল শুক্রবার। বর্ধমানে বিজেপির জেলা কার্যালয়ের সামনে ফিতে কেটে ও দলীয় পতাকা নাড়িয়ে ওই দুটি ভিডিও সহ ট্যাবলো ভ্যানের উদ্বোধন করলেন বর্ধমান বিজেপির সদস্য জেলা সভাপতি অভিজিত তা। জেলা সভাপতি ছাড়াও এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাল রায়, দেবশীষ সরকার, থোকন সেন, সুমিত দত্ত, আশীষ ধারা সহ অন্যান্য বিজেপি কার্যকর্তাগন। এদিন বিজেপির জেলা সভাপতি অভিজিত তা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সারা দেশ জুড়ে গত দশ বছরে যে উন্নয়নের কাজ করা হয়েছে সেগুলি বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের অধীন সাতটি বিধানসভা এলাকার গ্রামে গ্রামে ঘুরে মানুষের কাছে তুলে ধরবে ওই ট্যাবলো দুটি। লোকসভা নির্বাচন পর্যন্ত এই ট্যাবলো দুটি প্রচার করে

জমকালো আয়োজনে অরঙ্গাবাদে এই প্রথম শুরু বিজ্ঞান মেলা, চলবে রবিবার পর্যন্ত



দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৮ মার্চ : জঙ্গিপুর মহকুমায় এই প্রথম বিজ্ঞান মেলা শুরু হলো মুর্শিদাবাদের সুতির অরঙ্গাবাদে। শুক্রবার পঞ্চদশ পদযাত্রার মাধ্যমে শুরু হয় এই বিজ্ঞান মেলা। ফিতে কেটে ও প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শুরু হওয়া এই বিজ্ঞান মেলার উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা পুলিশদের সভাধিপতি রুবিয়া সুলতানা, মুর্শিদাবাদের কৃতি সন্তান তথা উত্তরপ্রদেশে কর্মরত বিজ্ঞানী উস্তির মোজাম্মেল হক, আন্তর্জাতিক

গাওঁচিলের সমন্বয়ক বাংলাদেশের মুক্তিযোদ্ধা চিত্র পরিচালক কবি অধ্যক্ষ খান আক্তার হোসেন, বিজ্ঞান মঞ্চের বহরমপুর শাখার সভাপতি তপন সামন্ত, অধ্যাপক সপ্তর্ষি সাহা, শিবম এডুকেশন এন্ড ওয়েলফেয়ার ট্রাস্টের সভাপতি দীপক কুমার দাস, অধ্যাপক সুনীল কুমার দে, পথের দাবী সংস্থার সভাপতি ডাক্তার হেফজুর রহমান সহ অন্যান্য বিশিষ্টজনবো। বিজ্ঞান মেলার উদ্যোক্তারা জানিয়েছেন, শুক্রবার থেকে রবিবার পর্যন্ত তিনদিন ব্যাপী চলবে এই বিজ্ঞান মেলা। পথের দাবী সংস্থার পক্ষ

যোরহাট থেকে অসমের ১৩২৮ কোটি টাকা মূল্যের দুটি রেলওয়ে প্রকল্প উৎসর্গ করবেন

মালিগাঁও, ৮ মার্চ : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ০৯ মার্চ, ২০২৪ তারিখে পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে ৪৫০০ কোটি টাকারও অধিক মূল্যের রেল ও সড় স্ট্রকচারে একাধিক উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন, উৎসর্গ করবেন। প্রধানমন্ত্রী রেল লাইনের বৈদ্যুতিকীকরণের একাধিক প্রকল্প রাষ্ট্রের প্রতি উৎসর্গ করবেন। এই উদ্ববন্ধ ও কলকাতা-বর্ডা অঞ্চলের জনগণকে উপকৃত করবে। এই প্রকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এক লাখী-বালুঘাট সেকশন, বারসাই-রাধিকাপুর সেকশন, রাধাগিরির জলপাইগুড়ি-হালদিবাড়ী সেকশন, শিলিগুড়ি-আলুয়াবাড়ী সেকশন ভায়া বাগডোগরা এবং শিলিগুড়ি-সেবক-আলিপুরায়ায় জং-সামুকতলা (আলিপুরায়ায় জং-নিউ কোচবিহার রেলওয়ে সেকশন। প্রধানমন্ত্রী মনিগ্রাম-নিমতিতা সেকশনে সেতুওয়ে লাইনের দ্রৈতকরণ প্রকল্প এবং আমবাড়ী ফালকাটা-আলুয়াবাড়ীতে অটোমেটিক ব্লক সিগনালিং সহ নিউ জলপাইগুড়িতে ইলেকট্রনিক ইন্টারলকিং-এর পদ্ধতির অন্যান্য গুরুত্বপূর্ণ রেলওয়ে প্রকল্পও দেশের প্রতি উৎসর্গ করবেন। এছাড়াও প্রধানমন্ত্রী শিলিগুড়ি ও রাধিকাপুরের মধ্যে একটি নতুন প্যাসেঞ্জার ট্রেন পরিষেবার সূচনা করবেন। এই রেল প্রকল্পগুলির ফলে অঞ্চলটিতে রেল যোগাযোগ উন্নত হবে, পণ্যবাহী ট্রেন চলাচলের সুবিধা হবে এবং কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক বিকাশে অদ্বাদন রাখবে। এই রেলওয়ে

প্রকল্পগুলির পাশাপাশি প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে ৩,১০০ কোটি টাকা মূল্যের দুটি জাতীয় সড়ক প্রকল্পও উদ্বোধন করবেন। এই প্রকল্পগুলিতে অন্তর্ভুক্ত রয়েছে এনএইচ ২৭-এর চার লেনের ঘোষপুকুর-পুপগুড়ী সেকশন এবং এনএইচ ২৭-এ চার লেনের ইসলামপুর বাইপাস।



চার লেনের ইসলামপুর বাইপাস ইসলামপুর শহরের যানজট হ্রাস করবে। সড়ক প্রকল্পগুলি এই অঞ্চলে উদ্যোগিক ও অর্থনৈতিক বিকাশের গতি বৃদ্ধি করবে। এছাড়া প্রধানমন্ত্রী অসমের যোরহাট থেকে রেলওয়ে লাইনের দুটি ডাবলিং প্রকল্প দেশের প্রতি উৎসর্গ করবেন। যথাক্রমে ৮০৭ কোটি এবং ৩২১ কোটি টাকা ব্যয়ে স্থাপিত নিউ বঙাইগাঁও-গোয়ালপাড়া- কামাখ্যা ডাবলিং প্রকল্পের অধীনে ধুপদী-হয়গাঁও সেকশনের (৩৪.১১৭ কিমি) ডাবলিং এবং নিউ বঙাইগাঁও- রঙিয়া- আগিয়াটুরি ডাবলিং প্রকল্পের অধীনে নিউ বঙাইগাঁও-সরভোগ সেকশনের (৩৬.৪২ কিমি) ডাবলিং প্রকল্পের উদ্বোধন করবেন। এই প্রকল্পগুলি উভয় সেকশনে যানজট হ্রাস করতে এবং মসৃণ ট্রেন চলাচলের ক্ষেত্রে সহায়ক হবে।

সাংবাদিক নিগ্রহের মামলা খারিজ উচ্চ আদালতে

দূরন্ত বার্তা, বোলপুর, ৮ মার্চ : আইনী প্রক্রিয়া অপব্যবহারের অভিযোগে সাংবাদিক নিগ্রহের মামলায় অভিযোগ খারিজ হলো কলকাতা হাইকোর্টে। জাস্টিস শম্পা দত্ত পালের এজলাসে চলতি বছরের ৫ মার্চ একটি বৈদ্যুতিন মাধ্যমের ফ্রিল্যান্সার সাংবাদিক কোভিড অতিমারীর সময় অর্থাৎ ২০২০ সালের ১ আগস্ট বিশ্বভারতীর উপাসনা গৃহের সামনে ছবি করতে যান। সেই সময় তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা রক্ষা কর্মীদের সঙ্গে বাদানুবাদ হয়। তার মোবাইল কেড়ে নেওয়া হয়। তারপর তিনি শান্তিনিকেতন থানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভিন্ন ধারায় অভিযোগ দায়ের করেন। তার পাঠ্য অভিযোগ হিসেবে বিশ্বভারতী কর্তৃপক্ষ ও একটি অভিযোগ দায়ের করে। দুই পক্ষের স্তানারি পর আদালত সাংবাদিকের অভিযোগ খারিজ করে দেয় এই মর্মে যে এ্যাবুজ অফ দ্য প্রসেস অফ দ্য কোর্ট । কারণ আদালত ধারা যুক্ত অভিযোগের সাপেক্ষে প্রামাণ্য হিসাবে সেই নবুদ পায় না। মেনে ভিজিবল ইঞ্জুরি, মোবাইল চুরি ইত্যাদি। মোবাইল কাড়া হলেও তা পুলিশের কাছে জমা দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বোলপুর এডিশনাল চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ওই সাংবাদিকের দায়ের করা মামলা এবং সেই সংক্রান্ত অভিযোগ খারিজ করে দেয়। এই ব্যাপারে দুই পক্ষের আইনজীবীর সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলেও কোন বক্তব্য পাওয়া সম্ভব হয় নি।

শনিবার কাওয়াখালীতে প্রধানমন্ত্রীর সভা

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ৮ মার্চ : শনিবার কাওয়াখালীতে রয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভা। এই নিয়ে প্রস্তুতি যথেষ্ট তুঙ্গে। এই



বিষয়ে জানা গেছে শনিবার দুপুর তিনটে নাগাদ বাগডোগরা বিমানবন্দরে নামার কথা প্রধানমন্ত্রীর। সেখান থেকে সড়ক পথে কাওয়াখালী যাবেন তিনি। প্রসঙ্গত কাওয়াখালীতে বেশ কিছু সরকারি কাজের শিলান্যাস ও উদ্বোধন করবেন। এরপর তিনি উক্ত জন সভায় বক্তব্য রাখবেন। সভা শেষ করার পর তিনি আবার সড়ক পথেই বাগডোগরা বিমানবন্দরে পৌঁছানো। সাংসদ রাঙ্ঘু বিস্তা এই প্রসঙ্গে জানান প্রধানমন্ত্রীর সভার জন্য কাওয়াখালীতে দুপুর ২ টো থেকে যানবাহন চলাচল বন্ধ করা হবে। এছাড়া তিনি আরো জানান উত্তরবঙ্গের বিভিন্ন জেলা গুলি থেকে কয়েক লক্ষ বিজেপির সমর্থক আসবেন।

বিজেপির পক্ষে ৩০৩ আসনের পুনরাবৃত্তি করাও এবার কঠিন বলে মনে হচ্ছে : শশী

তিরুবন্তুপুরম, ৮ মার্চ : বিজেপির পক্ষে এবার ৩০৩ আসন পুনরাবৃত্তি করাও কঠিন হবে বলে মনে হচ্ছে। কটাক্ষের সূত্রে বললেন কংগ্রেস নেতা শশী থারুর। এ্যাবরে লোকসভা নির্বাচনে তিরুবন্তুপুরম থেকে লড়বেন শশী, এই কংগ্রেস নিশ্চিত এবার বিজেপি সরকার হারাতে চলেছে। আমি বিশেষ কিছু তো দেখতে পাচ্ছি না, প্রতিটি নির্বাচনেই কেউ না কেউ দল ছেড়ে অন্য দলে যাচ্ছে। এর মানে এই নয় যে দম্ব বা বিভ্রান্তি। এর অর্থ হল রাজনীতিতে ব্যক্তিদের নিজস্ব উচ্চাকাঙ্ক্ষা রয়েছে এবং তারা সেগুলিকে অন্যত্র অনুসরণ করতে চায়। শশী আরও বলেন, আমি দেখছি না যে বিজেপি ও এর থেকে মুক্ত। কিছু লোক বিজেপি ছেড়ে অন্যদিকে চলে গেছে। এসব ঘটনা ঘটে। নিঃসন্দেহে, আমরা যারা গত কয়েক বছর ধরে কংগ্রেস দলে আছি তারা জনগণের সেবা করার সুযোগ দেখছি এবং সেই কারণেই আমরা রাজনীতিতে আছি। আমি তিরুবনন্তপুরম এলাকায় গিয়েছি। আমি আমার নির্বাচনী সেতারের মানুষের সেবা করতে এসেছি।

শাশুড়িকে কুপিয়ে খুন করল জামাই, গুরুতর জখম স্ত্রীও

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ৮ মার্চ : রাত্তায় প্রকাশ্যে শাশুড়িকে কুপিয়ে খুন করলেন জামাই। ধারালো অস্ত্রের এলোপাথাড়ি কোপে গুরুতর জখম হলেন স্ত্রীও। শুক্রবার শিলিগুড়িতে ঘটনাটি ঘটেছে। অভিযুক্ত যুবককে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, মৃত্যু রূপসানা খাতুন শিলিগুড়ির পরেশনগরের বাসিন্দা। তাঁর মেয়ে সাধিনা খাতুনকে রক্তাক্ত অবস্থায় শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করানো হয়েছে। এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে সাধিনার স্বামী মহম্মদ সাহিদকে। তিনি ভানুগনগরের বাসিন্দা। পেশায় একটি পানীয় কারখানার শ্রমিক। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, সাত বছর আগে সাধিনার সঙ্গে বিয়ে হয়েছিল সাহিদকে। বিয়ের পর থেকেই পারিবারিক বিবাদ শুরু হয়। কয়েকবছর পরেই স্বামীকে ছেড়ে বাপের বাড়িতে থাকছিলেন সাধিনা। এতে অশান্তি আরও চরমে ওঠে। শুক্রবার মেয়েকে শিলিগুড়ির কোর্ট মোড়ের কাছে কাজে যান রূপসানা। পিছু নিয়ে সাহিদও সেখানে পৌঁছান। রাত্তায় তাঁদের মধ্যে তীব্র বাদানুবাদ শুরু হয়। এরপর আচমকাই ব্যাগ থেকে ছুরি বার করে প্রথমে শাশুড়িকে এলোপাথাড়ি কোপান সাহিদ। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন রূপসানা। মাকে বাঁচাতে গেলে সাধিনাকেও একই ভাবে কোপান স্বামী। পঞ্চালতি মানুষেরা আটকাতে গেলে পরিস্থিতি বেগতিক দেখে সাহিদ পালানোর চেষ্টা করেন। কিন্তু ট্র্যাফিক পুলিশের সহযোগিতায় ধরা পড়ে যান তিনি। এর পর সাধিনা ও রূপসানাকে উদ্ধার করে স্থানীয়েরাই শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যান। সেখানে রূপসানাকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা। হাসপাতালে চিকিৎসাধীন সাধিনা।

জামালপুর ব্লক মহিলা তৃণমূল কংগ্রেসের মিছিল

দূরন্ত বার্তা, বর্ধমান, ৮ মার্চ : ব্রিগেডে জনগর্জন সভাকে সফল করার লক্ষ্য নিয়ে পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকে মহিলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে একটি মিছিলের আয়োজন করা হয় শুক্রবার। এদিন পাঁচড়া অঞ্চল



তৃণমূল পাটি অফিস থেকে মিছিলটি শুরু হয়ে কৃষাণ মাঠি তে শেষ হয়। রুয়ের ১৩ টি অঞ্চল থেকেই মহিলারা যোগদান করেন। মিছিলটি নেতৃত্ব দেন জেলা পরিষদের দুই সদস্যা কল্পনা সাঁতরা ও শোভা দে, জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক ও জামালপুর ব্লকের মহিলা নেত্রী বার্না বেগম শেখা। এই মিছিলে যোগদান করেন বিধায়ক অলোক কুমার মাথি ও ব্লক সভাপতি মেহমুদ খান। এছাড়াও ব্লকের ও পাঁচড়া পঞ্চায়েতের বিভিন্ন নেতৃত্বও মিছিলে অংশগ্রহন করেন। মিছিল থেকে মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে এবং লক্ষ্মী ভান্ডার সহ অন্যান্য প্রকল্পগুলোর নামে জয়ধ্বনি করেন মহিলারা। মিছিল শেষে একটি ছোট উপসভায় ব্লক সভাপতি মেহমুদ খান বলেন, জামালপুরের মহিলাদের উপস্থিতি এদিন প্রমাণ করে যে মহিলাদের মধ্যে মানসিক বৈখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি কতটা জনসমর্থন রয়েছে। মহা শিবরাত্রির উপোস করেও হিন্দু মহিলারা যে এই মিছিলে সামিল হয়েছেন সেই বিষয়টি উল্লেখ করে তাদের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি।

কোন্নগরের রাজরাজেশ্বরী মন্দিরে প্রতিমাকে অর্ধ নারীশ্বর রূপে সাজানো

দূরন্ত বার্তা, হুগলি, ৮ মার্চ : শুক্রবার, শিবরাত্রি পূজোয় রাজ্য তথা হুগলি জেলার সর্বশ্রেষ্ঠ তারকেশ্বরের শিব মন্দিরে প্রায় কয়েক লক্ষ ভক্ত জল ঢালেন। শিবের এই পূজোয় হুগলি জেলার বিভিন্ন শিব মন্দির গুলিতে শুক্রবার ভক্তদের ভীড় থাকে দেখার মত। এবছর জেলার প্রত্যেকটা শিব মন্দিরে ভক্তদের ভিড় লক্ষ্য করা গেছে। শিবরাত্রি পূজোয় হুগলি জেলার কোন্নগরের রাজরাজেশ্বরী মন্দিরে ভক্তদের উপচে পড়া ভিড় বিশেষভাবে পরিলক্ষিত হয়। শুধুমাত্র উত্তরপাড়া থানা এলাকারই নয় পাশাপাশি হুগলি জেলা গঙ্গার ওপার থেকে আশা উত্তর ২৪ পরগনা, হাওড়া, কলকাতা থেকে ও বহু ভক্তদের সমাগম হয়। অন্যান্য বছরের তুলনায় এবছর রাজরাজেশ্বরী মন্দিরে শিবের মাথায় জল ঢালতে ভক্তদের সমাগম খুব বেশি বলে জানানেন রাজরাজেশ্বরী সেবা মঠের মহারাজ ব্রহ্মচারী সচিব স্বরূপ যা এলাকাবাসী কাছে বিশেষভাবে নজর কেড়েছে। বেলা ব্যাডার সঙ্গে সঙ্গে পূর্ণার্থীরের সংখ্যা ক্রমশ বেড়েছে। সন্ধ্যা এই ভিড় ব্যাপক আকার নেয়। প্রশান্তির পক্ষ থেকে পুণ্যার্থীদের নিরাপত্তার সবরকম ব্যবস্থা রাখা হয়েছে। এদিন শিব ঠাকুর কে পরমান্য , নানা রকমের ফল, মিষ্টি দেওয়া হয়। মণ্ডির খোলা থাকে সারারাত। সেবা মঠের প্রধান পুরোহিত ব্রহ্মচারী সচিব স্বরূপ এবং শ্রীধর ত্রিবেদী বলেন, প্রতিবছর শিবরাত্রি উপলক্ষ্যে কয়েক হাজার ভক্তের সমাগম হয় মন্দিরে। শিব ঠাকুর কে দুধ, দই, ঘি, মধু, গঙ্গাজল দিয়ে স্নান করানো হয়। পাশাপাশি নিরাপত্তা জোরদার করা হয়। রাজরাজেশ্বরী সেবা মঠের মহারাজ ব্রহ্মচারী সচিব স্বরূপ এবং শ্রীধর ত্রিবেদী বলেন, আমরা নিয়ম মেনে পূজো করছি। মন্দিরে প্রতিমা অর্ধ নারীশ্বররূপ ধারণ করবেনা। বিশ্ববাসীর মঙ্গল কামনায় মন্দিরের পুরোহিতরা চার প্রহরের মাধ্যমে শিবরাত্রি পূজো করেন। শ্রীধর ত্রিবেদী বলেন, সকল আধার দূর করার উদ্দেশ্যেই আমরা প্রার্থনা ও পূজোর আয়োজন করি। সামগ্রিক পূজার আয়োজনে ছিলেন ঋত্বিক মিশ্রা, সৌভর মিশ্রা, রবি চৌবে, প্রমুখরা। কোন্নগরের রাজরাজেশ্বরী সেবা মঠের প্রতিমাকে অর্ধনারীশ্বর রূপে সাজানো হয়েছে।

ভোটের আগে আচমকাই বুনিয়াদপুরের পুর প্রশাসক পদে বদল!

দূরন্ত বার্তা, বুনিয়াদপুর, ৮ মার্চ : লোকসভা ভোটের আগে হঠাৎ করেই পুর প্রশাসকের পদে পরিবর্তন করা হল। বুনিয়াদপুর পুরসভার পুর প্রশাসক পদে অখিল বর্নকে নিয়ে এই পদে নিয়ুক্ত করা হল বংশীহাথী ব্লক তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠনের সভাপতি কমল সরকারকে। লোকসভা ভোটের আগে হঠাৎ করে কেন পুর প্রশাসকের পদে পরিবর্তন? তা নিয়ে প্রশ্ন উঠেছে রাজনৈতিক মহলে। ২০১৭ সালে বুনিয়াদপুর পুরসভা গঠিত হওয়ার পর অখিল বর্নকেই হিসেবে নির্বাচিত হন অখিল চন্দ্র বর্মন। এরপর তিনি নির্বাচনে ১৪ টি ওয়ার্ডের মধ্যে ১৩টি তৃণমূল কংগ্রেস ও একটি বিজেপির পক্ষে যায়। ২০১৭ সালে পুরসভা গঠিত হওয়ার পর তার মেয়াদ শেষ হয় ২০২২-এ। তখন পুর প্রশাসক হিসেবে পুনরায় চোয়ারপারসন হিসাবে নিয়ুক্ত হন অখিল চন্দ্র বর্মন। এখন ২ বছর পর ওই বছরই লোকসভা ভোটের আগে বুনিয়াদপুর পুরসভার পুর প্রশাসক পদে পরিবর্তন করে নতুন পুর প্রশাসক হিসাবে নিয়ুক্ত হলেন কমল সরকার। তৃণমূল পরিচালিত পুরসভা গঠিত হওয়ার পর থেকেই পুরসভার চোয়ারপারসন হিসেবে নিয়ুক্ত হন অখিল বর্মন। প্রায় ৭ বছর একই পদে নিয়ুক্ত ছিলেন অখিল বর্মন। দীর্ঘ সময় দায়িত্বে থাকাকালীন বুনিয়াদপুর পুরসভায় ১৪টি ওয়ার্ডের আমূল পরিবর্তনের কাজ করতে হয়েছে তাঁকে। কারণ অধিকাংশ এলাকাই ই গ্রাম পঞ্চায়েত থেকে পুরসভার অন্তর্ভুক্ত করা হয়েছিল। এখন লোকসভা ভোটের আগে এইভাবে চোয়ারপার্সন পদ থেকে সরানোয় পুরবাসীদের মধ্যে পুরসভার কাজ নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। কী কারণে হঠাৎ করে প্রশাসক পদে পরিবর্তন তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। বিদায়ী পুর প্রশাসক অখিলচন্দ্র বর্মন বলেন, নতুন যিনি আসবেন তিনি যথ্যতো তাঁর থেকেও ভালো কাজ করবেন, কিন্তু তাঁর জনসেবাটিই একমাত্র লক্ষ্য ছিল। দীর্ঘদিন দায়িত্বে থাকাকালীন তিনি সেই চেষ্টা-ই করেছেন, যাতে কোনওরকমভাবে কালিমালিগুন না হতে হয়। সেদিক থেকে তিনি মানসিকভাবে অত্যন্ত খুশি যে তাঁর বিরুদ্ধে কোনও বড় অভিযোগ কখনও ওঠেনি।

সংগ্রামে নারী আজও অনন্যা নারী দিবসে



দূরন্ত বার্তা, রামপুরহাট, ৮ মার্চ : নারীর অধিকার নিয়ে অনেক কথা হয়। কিন্তু মাংসাপ ছাড়া সে অধিকার অর্জন হয় না। এমন একজন আদ্যোপাত্ত যাটোর্ধ নারী বুড়ি রজক। থাকেন রামপুরহাট পুরসভার পাঁচ নম্বর ওয়ার্ডে। তিন ফুট বাই চার ফুট এক অন্ধকার কুঠারি তার এই জীবন সংগ্রামের সাথী, সাক্ষীও। হারিয়েছেন স্বামী। হারিয়েছেন তিন পুত্রকে। আজ তাঁরা কেউ বেঁচে নেই। তাঁর এই লড়াই শুধু বেঁচে বর্তে থাকার লড়াই বলে মনে করেন না তিনি। তিনি মনে করেন সংগ্রামই নারীর বেঁচে থাকার অধিকার। মুখের ভিতরে মাংসপিণ্ড নিয়ে বেশ কিছুদিন কষ্ট পাচ্ছিলেন তিনি। চিকিৎসক অভিষেক চট্টোপাধ্যায় নাম মাত্র খরচে সেই জটিল অস্ত্রোপচার করে দিয়েছেন। মুখে হাসি নিয়ে ওই অন্ধ কুঠুরিতে কাটা কাপড় ইট্রি করে জীবন সংগ্রাম চালিয়ে যাচ্ছেন। ওই ওয়ার্ডের বাসিন্দা পার্থ প্রতীম গুহ বুড়ি রজক সম্পর্কে উচ্ছসিত হয়ে বলেন, নারী দিবসে তাকে জানাই কুর্শিশ।

পাওনাদারের চাপে আত্মঘাতী যুবক

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৮ মার্চ : সময়মতো শোধ করতে পারেননি ঋণের টাক। এ র জেরে পাওনাদারদের চাপে গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হলেন এক যুবক। মৃত যুবকের নাম সাবিরকদ্দন শেখ (৩৮)। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে মুর্শিদাবাদের সাগরদিঘি থানার বাজিতপুর গ্রামে। পেশায় পরিবারী শ্রমিক সাবিরকদ্দন কলকাতা সহ বিভিন্ন রাজ্যে রাজমিস্ত্রির কাজ করতেন। সম্প্রতি তারমিত কাজ না পেয়ে সে নিজের গ্রাম বাজিতপুরে ফিরে আসে। তবে নতুন একটি কাজের বরাত পাওয়ায় দিন কয়েকের মধ্যেই ফের তাঁর ভিনরাজ্য ফিরে যাওয়ার কথা ছিল। মৃত যুবকের আত্মীয় নূর ইসলাম শেখ বলেন, ‘সংসার চালানোর জন্য দুই সন্তানের বাবা সাবিরকদ্দিন একাধিক ব্যক্তির কাছ থেকে চড়া সুদে প্রচুর টাকা ধার করেছিলেন। কিন্তু সময়তো ফেরত দিতো না। বাড়িয়ে এসে টাকার জন্য চাপ দিত। এই নিয়ে বৃহস্পতিবার সকালে সাবিরকদ্দিনের সঙ্গে তাঁর স্ত্রীয়ের ঋগড়াও হয়। এরপর বেলা ১১ টা নাগাদ বাড়ি ছেড়ে বেরিয়ে যান তিনি। সারাদিন খোঁজ করে নেওঁ কেথোও তাঁর হদিশ মেলেনি।’ এরপর রাতের দিকে স্থানীয় একটি আবারগানে সাবিরকদ্দিনের খুলন্ত দেহ দেখতে পান গ্রামবাসীরা। খবর দেওয়া হয় সাগরদিঘি থানার পুলিশকে। দেহ উদ্ধার করে জঙ্গিপুর সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠানো হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

বেলদায় বাস ও ডাম্পারের মুখোমুখি সংঘর্ষে দুর্ঘটনা, চালক সহ জখম একাধিক

দূরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ৮ মার্চ : বাস ও বালি বোঝাই ডাম্পারের মুখোমুখি সংঘর্ষে জখম হলেন অনেকে। শুক্রবার ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুরের বেলদা থানার ঠাকুরচকের কাছে। জানা গেছে, নিয়ন্ত্রণ হারিয়ে বালি বোঝাই ডাম্পারটি ধাক্কা মারে দীঘা-মোদানীপুর রুটের একটি যাত্রীবাহী বাসে। ঘটনায় গুরুতর জখম হয়েছেন ডাম্পারের চালক সহ বাসের একাধিক যাত্রী। তাদের উদ্ধার করে বেলদা গ্রামীণ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে। এই ঘটনার ঘেরে বেশ কিছুক্ষণ বেলদা-দীঘা রাজ্য সড়ক অবরুদ্ধ হয়ে যায়। পরে পুলিশ এসে দুর্ঘটনাপ্রস্তু গাড়িগুলি সরিয়ে যান চলাচল স্বাভাবিক করে।

বসিরহাটে বিজেপির প্রার্থী হচ্ছেন শামি?




নয়াদিল্লি, ৮ মার্চঃ লোকসভা নির্বাচনের আগেই বড় খবর। বাংলায় প্রার্থী তালিকায় বিরাট বড় চমক দিতে চলেছে বিজেপি। সুপ্রের খবর, আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি প্রার্থী হতে পারেন মহম্মদ শামি। ভারতীয় ক্রিকেটর মহম্মদ শামিকে পশ্চিমবঙ্গ থেকেই প্রার্থী করা হতে পারে। সুপ্রের খবর, বিজেপি ইতিমধ্যেই

মহম্মদ শামির সঙ্গে যোগাযোগ করেছে। তাঁকে প্রার্থী হওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে। তবে শামি এখনও কোনও সিদ্ধান্ত নেননি বলেই খবর। অন্দরের খবর, মহম্মদ শামি রাজি হলে, তাকে বসিরহাট কেন্দ্র থেকে প্রার্থী করা হতে পারে। সন্দেহখালি ইস্যু নিয়ে এমনিতেই উত্তপ্ত বাংলা। সেখানে আসন্ন লোকসভা নির্বাচনে জয় নিশ্চিত করতেই বসিরহাট থেকে প্রার্থী হতে পারেন। এই কেন্দ্রের সাংসদ নূরত জাহান। ২০১৯ সালের লোকসভা নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়েছিলেন নূরত। বর্তমানে শামির অস্ত্রোপচার হয়েছে। বিশ্রাম নেওয়ার জন্য তিনি ছুটিতে রয়েছেন। সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁর আরোগ্য কামনা করেছেন। প্রসঙ্গত, রাজি ট্রফিতে বাংলার হয়েই খেলেন মহম্মদ শামি। সুপ্রের খবর, আইসিসি বিশ্বকাপের সময় থেকেই শামিকে প্রার্থী করার চিন্তাভাবনা করছে বিজেপি। বিশ্বকাপ ফাইনালের আগেই খবর রটেছিল, ভারত বিশ্বকাপ জিতলে প্রার্থী করা হবে মহম্মদ শামিকে। বিশ্বকাপে হারের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতীয় ক্রিকেট টিমের সকল খেলোয়াড়দের সঙ্গে দেখা করেছিলেন এবং তাঁদের সান্তনা দিয়েছিলেন। ড্রেসিং রুমের ওই ভিডিয়ো ভাইরালও হয়েছিল ব্যাপক। ওই ভিডিয়োতেও দেখা গিয়েছিল, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহম্মদ শামির দারুণ প্রশংসা করেছিলেন অসাধারণ পারফরম্যান্সের জন্য। তাঁকে জড়িয়েও ধরেছিলেন প্রধানমন্ত্রী মোদি। পরে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও মহম্মদ শামির সঙ্গে দেখা করেছিলেন। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও শামির গ্রাম আমরোহা ক্রিকেট স্টেডিয়াম তৈরির ঘোষণা করেন।

বোনই এখন ব্যাটিং কোচ! আইপিএল-এর আগে নেটে প্রস্তুতি দীপক চাহারের

দুরন্ত বার্তা প্রতিবেদন

অপেক্ষার আর ১৩টা দিন। না না আনলাকি থার্ডিন নয়। এই ১৩ বেশ খুশির। কারণ আর মাত্র ১৩দিন পর আইপিএল শুরু হবে। ২২ মার্চ চেন্নাই সুপার কিংস ও রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের ম্যাচ দিয়ে আইপিএলের পর্দা উঠবে। এই মুহূর্তে আইপিএলে খেলতে চলা একাধিক ক্রিকেটার প্রস্তুতিতে ব্যস্ত। চেন্নাই সুপার কিংসের তারকা অলরাউন্ডার দীপক চাহার অবশ্য অনুশীলনে ব্যস্ত এক বিশেষ ব্যক্তির সঙ্গে। তিনি বর্তমানে মহেন্দ্র সিং ধোনির চেন্নাই সুপার কিংস শিবিরেই রয়েছেন। কিন্তু অনুশীলন করছেন তাঁর বোন মালতি চাহারের সঙ্গে। মালতি তাঁর ইন্সটাগ্রামে সেই ভিডিয়ো শেয়ার করেছেন। আইপিএল চলাকালীন সিএসকে শিবির বরাবরই বিশেষ বিশেষ উদ্যোগ নেয়। এ বার তেমনই সিএসকে শিবিরে ছিল ফ্যামিলি প্র্যাক্টিস সেশন। সেখানেই বোলিং মেশিনে বল দিতে দেখা যায় মালতি চাহারকে। সেই সময় নেটে ছিলেন দীপক চাহার। ওই ভিডিয়ো শেয়ার করে মালতি ক্যাপশনে লিখেছেন, “আমার দিক থেকে যদি বলি, তা হলে ও আইপিএল ২০২৪ এর জন্য তৈরি। বাকিটা নির্ভর করছে সিএসকের উপর।” আইপিএলের



আগে এখন যেন বোন মালতিই হয়েছেন দীপকের ব্যাটিং কোচ। ধোনির সঙ্গে দীপক চাহারের একটা আলাদাই বন্ধ রয়েছে। দীপক সিএসকে নেতা ধোনির কতটা প্রিয়, তা অনেকের অজানা নয়। ২০১৮ সালের জানুয়ারিতে আইপিএলের নিলামে দীপক চাহারকে কেনে মহেন্দ্র সিং ধোনির চেন্নাই সুপার কিংস। দীপক দেখতে দেখতে ধোনির টিমের গুরুত্বপূর্ণ সদস্য হয়ে ওঠেন। ২০২১ সালে তিনি চোটের কারণে আইপিএল থেকে ছিটকে গিয়েছিলেন। গত আইপিএলে তিনি ১০টি ম্যাচ খেলেছিলেন। তাতে নিয়েছিলেন ২৯৭ রানের বিনিময়ে ১৩টি উইকেট নিয়েছিলেন। তবে ব্যাট হাতে অবদান রাখতে পারেননি। এ বার দেখার আসন্ন আইপিএলে দীপক কেমন পারফর্ম করেন।

আইপিএল-এর আগে বিরাট ধাক্কা শুভমনের টিমে, প্রথম দুই ম্যাচ নেই ম্যাথু ওয়েড

দুরন্ত বার্তা প্রতিবেদন

আইপিএল ফ্র্যাঞ্চাইজি গুজরাট টাইটান্স এ বছর নতুন উদ্যমে নামবে। শুভমন গিল এ বার গুজরাটের নেতা। আসন্ন আইপিএলে ২৪ মার্চ সফর শুরু করবে গত বারের রানার্স গুজরাট। কিন্তু ভারতের কোটিপতি লিগ শুরু হওয়ার ১৩দিন আগে হঠাৎ করে শুভমনের টিমে বিরাট ধাক্কা। প্রথম ২টো ম্যাচে দলের এক তারকা ক্রিকেটারকে পাবে না গুজরাট। ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট লিগের জমানায় ঘরোয়া ক্রিকেটকে অনেক ক্রিকেটারই গুরুত্ব কম দেন। কেউ কেউ আবার উল্টো পক্ষেও হাটেন। তেমনই এক ক্রিকেটার হলেন অস্ট্রেলিয়ার ম্যাথু ওয়েড। এ বারের আইপিএলের প্রথম ২টো ম্যাচে বিশৃঙ্খলী ম্যাথু ওয়েডের সার্ভিস পাবে না গুজরাট টাইটান্স। আপাতত আইপিএলের যে সূচি প্রকাশ হয়েছে, তাতে ৫টি ম্যাচ রয়েছে গুজরাটের। প্রথম দুই ম্যাচ যথাক্রমে ২৪ ও ২৬ মার্চ। আপাতত শোনা যাচ্ছে এই দুই ম্যাচ খেলতে পারবেন না ম্যাথু ওয়েড। অর্জি উইকেটকিপার ব্যাটার আইপিএলের থেকে এগিয়ে রাখলেন শেফিল্ড শিল্ডকে। শেফিল্ড শিল্ডের প্রাথমিক পর্বের ম্যাচ এখনও শেষ হয়নি। তবে ফাইনাল খেলা নিশ্চিত তাসমানিয়া। এই ফাইনাল হবে ২১-২৫ মার্চ। তাসমানিয়া টিমের সদস্য ম্যাথু ওয়েড। তাই তিনি



শেফিল্ড শিল্ডের ফাইনাল খেলে ভারতে আসবেন। যার ফলে গুজরাট এ বারের আইপিএলের প্রথম দুটো ম্যাচে ওয়েডকে ছাড়াই খেলবে। ম্যাথু ওয়েডকে নিয়ে উচ্ছ্বসিত তাসমানিয়ার হেড কোচ জেফ ভনা। তিনি বলেন, “ও ওর আইপিএল ফ্র্যাঞ্চাইজির সঙ্গে কথা বলেছে এবং ওরা খুশি হয়েই তাঁকে এখানে থাকতে দিচ্ছে। যার ফলে হয়তো ও গুজরাটের প্রথম ম্যাচটিতে খেলবে না। ওয়েডের মতো অভিজ্ঞ ও এমন একজন ক্রিকেটারকে মরসুমের শেষ দিকে পাওয়া আমাদের জন্য দারুণ সৌভাগ্যের।” উল্লেখ্য, ২০২২ সালের আইপিএলের নিলামে ম্যাথু ওয়েডকে ২ কোটি ৪০ লক্ষ টাকায় নিয়েছিল গুজরাট। যে বছর গুজরাট চ্যাম্পিয়ন হয়েছিল অর্থাৎ ২০২২ সালে ওয়েড ১০টি ম্যাচে খেলেছিলেন। গত আইপিএলে তিনি মাত্র ৩ ম্যাচ খেলার সুযোগ পেয়েছিলেন। ফলে আসন্ন আইপিএলে তাঁকে গুজরাটের একাদশে ক’টি ম্যাচে দেখা যায় সেদিকেও নজর থাকবে।

শনিবারই কি ৪-১! দু-দিনেই জয়ের গন্ধ পাচ্ছে ভারত

ধরমশালা, ৮ মার্চঃ সিরিজ আগেই নিশ্চিত করে নিয়েছে ভারত। এ বার লক্ষ্য ৪-১। সিরিজ শুরু হয়েছিল হার দিয়ে। শেষটা জয় দিয়ে করা যেন সময়ের অপেক্ষা। এখান থেকে ইংল্যান্ডের ৩-২ করতে হলে মিরাকল প্রয়োজন। ভারতের বোলিং-ব্যাটিং নিঃসন্দেহে প্রশংসনীয়। ইংল্যান্ড টিমের কাজ কঠিন করেছে নিজেদের ফিল্ডিং। প্রাউন্ড ফিল্ডিংয়ে একঝাঁক মিস। ভারতীয় ব্যাটারদের তৈরি করা চাপে ইংল্যান্ড ফিল্ডিং ফ্লপ। দ্বিতীয় দিনের শেষে কী পরিস্থিতি? টেস্ট ক্রিকেটে দিনের প্রথম সেশনে একটিও উইকেট না হারানো। এ যেন অবিশ্বাস্য ব্যাপার। ধরমশালায় সেটাই হয়েছে। রোহিত শর্মা-শুভমন গিল জুটি দিনের খেলা শুরু করে। লাক্স অবধি কোনও উইকেট হারায়নি ভারত। লাক্সের পরই দুটো ম্যাজিক ডেলিভারি। বেন স্টোকস শেষ কবে বোলিং করেছিলেন! সম্ভবত অ্যাসেজ সিরিজে। এই সফরে প্র্যাক্টিসে বোলিং করেছেন। ম্যাচে তাঁকে কবে বোলিংয়ে দেখা যাবে, নিশ্চয়তা ছিল না। অবশেষে বোলিংয়ে বেন স্টোকস। লাক্সের পরই চমক। বোলিংয়ে আসেন ইংল্যান্ড ক্যাপ্টেন বেন স্টোকস। ক্রিকে ভারতের দুই সেঞ্চুরিয়ন রোহিত শর্মা ও শুভমন গিল। স্টাইলকে ছিলেন রোহিত। দীর্ঘদিন পর বোলিংয়ে শুরু করলেন রোহিতের স্টাম্প ছিটকে। পরের ওভারে জিমি অ্যাডারসন বোল্ড করেন শুভমন গিলকে। জোড়া উইকেট হারিয়ে সাময়িক



অস্বস্তিতে পড়ে ভারত। অভিষেককারী দেবদত্ত পাড়িকাল, সরফরাজ খান হাফসেঞ্চুরি করেন। ভারতের লিড ক্রমশ বাড়তে থাকে। যদিও গ্রুব জুরেল, জাডেজা আউট হতে মনে হয়েছিল দ্রুতই গুটিয়ে যাবে ভারতের ইনিংস। বল হাতে কামাল করেছেন কুলদীপ যাদব। নিজের প্রিয় মাঠে ব্যাট হাতেও ভরসা দিলেন।

জয়প্রীত বুন্নরার সঙ্গে অনবদ্য একটা জুটি গড়েন কুলদীপ। লিড যত বাড়ানো যায়, চেষ্টা সেটাই। দ্বিতীয় ইনিংসে ভারতকে আর ব্যাটিং করতে হবে কিনা নিশ্চিত নয়। দলীয় ৪২৮ রানে অষ্টম উইকেট হারায় ভারত। কুলদীপ-বুন্নরার সৌজন্যে দ্বিতীয় দিনের শেষে ভারতের স্কোর ৮ উইকেটে ৪৭৬।

ইতিমধ্যেই লিড ২৫৫ রানের। এখনও ২ উইকেট রয়েছে ভারতের। দিনের খেলার কয়েক বল বাকি। স্লিপে কুলদীপের ক্যাচ ফেলেন স্টোকস। ২৬ রানে ছিলেন। পরের বলেই বাউন্ডারি মারেন কুলদীপ। স্টোকসের অস্বস্তি বাড়ো। কুলদীপ ২৭ এবং বুন্নরা ১৯ রানে ক্রিজে।



পর্বটিন মন্ত্রক
ভারত সরকার



Travel for
LIFE



Incredible India



নরেন্দ্র মোদি
প্রধানমন্ত্রী

‘সঙ্গীত হোক বা খাদ্য, শিল্প বা সংস্কৃতি, ভারতের বৈচিত্র্য সত্যিই মহিমাময়িত। উচ্চ হিমালয় থেকে ঘন বন, শুষ্ক মরুভূমি থেকে সুন্দর সৈকত, অ্যাডভেঞ্চার স্পোর্টস থেকে মেডিটেশন রিট্রিট পর্যন্ত, ভারতের প্রত্যেকের জন্য কিছু না কিছু আছে।’

নরেন্দ্র মোদি
প্রধানমন্ত্রী

আপনার গন্তব্যকে জাতির পছন্দ করার জন্য একটি সুবর্ণ সুযোগ

দেখো আপনা দেশ পিপলস চয়েস পোলে অংশগ্রহণ করুন

আপনার প্রিয় গন্তব্যের জন্য ভোট দিতে, দেখুন অথবা স্ক্যান করুন

<https://innovateindia.mygov.in/dekho-apna-desh>



পোল শেষ হচ্ছে ৩০শে এপ্রিল ২০২৪

আপনি বিভিন্ন টুরিজম বিভাগের জন্য ভোট দিতে পারেন

আপনার প্রিয় গন্তব্যের জন্য ভোট দিন এবং বিকশিত ভারত@২০৪৭-এ অবদান রাখুন

CBC / 42101/13/0014/2324

